

ধ্বংসস্তূপের মধ্যে গাজায় ঈদ, কুরবানিতে বাধা ইসরায়েলের

সারে-জমিন



উপনির্বাচনে আইএসএফ ও বামফ্রন্ট জোট হচ্ছে না

রূপসী বাংলা



কী ব্যাপার? বাতাসে একটু অক্সিজেন বেড়ে গেছে!

সম্পাদকীয়



পানিহাটি পুরসভার বেহাল দশা কাটাতে বৈঠক

সাধারণ



স্কটল্যান্ডকে বিদায় করে ইংল্যান্ডকে সুপার এইটে তুলল অস্ট্রেলিয়া

খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

সোমবার
১৭ জুন, ২০২৪
৪ আষাঢ় ১৪৩১
১০ জিলহজ, ১৪৪৫ হিজরি

সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 164 ■ Daily APONZONE ■ 17 June 2024 ■ Monday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php


## আজ পবিত্র ঈদুল আজহা

**আপনজন ডেস্ক:** আজ এ রাজ্যের সঙ্গে সঙ্গে দেশজুড়ে উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হচ্ছে মুসলিমদের অন্যতম উৎসব ঈদুল আজহা বা বকরিদ। মুসলিমদের কাছে এই ঈদ ত্যাগের উৎসব। আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে পশু কুরবানি দেওয়া হয়। এই ত্যাগের উৎসব সম্প্রীতির বাতাবরণে চিরভাস্বর হয়ে উঠুক, এটাই কামনা শুভবুদ্ধিসম্পন্ন মানুষদের।

### শুভেচ্ছা

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে 'আপনজন'-এর পাঠক-পাঠিকা, বিজ্ঞাপনদাতা, সংবাদপত্র বিক্রেতাবন্ধু ও শুভানুধ্যায়ীদের জানাই ঈদের প্রীতি ও শুভেচ্ছা।

**সম্পাদক, আপনজন**

### ছুটি

ঈদুল আজহা উপলক্ষে সোমবার ও মঙ্গলবার 'আপনজন'-এর সব বিভাগ বন্ধ থাকবে। তাই মঙ্গলবার ও বুধবার 'আপনজন' প্রকাশিত হবে না। বৃহস্পতিবার যথারীতি 'আপনজন' প্রকাশিত হবে।

## দ্বাদশের পাঠক্রমে এনসিআরটির ঘোষণা

# বাবরি মসজিদ হল তিন গম্বুজের কাঠামো

**আপনজন ডেস্ক:** এনসিইআরটি দ্বাদশ শ্রেণির পাঠ্যক্রম অনুসৃত করে শিক্ষার্থীদের জন্য রাষ্ট্রবিজ্ঞানের সর্বশেষ সংশোধিত পাঠ্যপুস্তকটি জুনের প্রথম দিকে চালু করা হয়েছে যখন দেশের বেশিরভাগ অংশে গ্রীষ্মের ছুটি চলছে স্কুলে। নতুন পাঠক্রমে বাবরি মসজিদ ও তার নামকেই স্বীকার করা হচ্ছে না! এটি কেবল একটি 'তিন গম্বুজ কাঠামো' বলা হয়েছে যা রাম জন্মভূমি দখল করেছে।

পরবর্তী প্রজন্মের শিশুদের কাছে বাবরি মসজিদ আর অযোধ্যার রামমন্দিরের ঘটনাকে নতুন ভাবে বর্নানা করা হয়েছে দ্বাদশ শ্রেণির পাঠক্রমে। নতুন পাঠক্রমে যে সব অধ্যায় সংযোজিত ও সংশোধিত করা হয়েছে তার মধ্যে অন্যতম হল: গুজরাটের সোমনাথ থেকে অযোধ্যা পর্যন্ত বিজেপির রথযাত্রা; করসেবকদের ভূমিকা; ১৯৯২ সালের ৬ ডিসেম্বর বাবরি মসজিদ ধ্বংসের পরিপ্রেক্ষিতে মুসলিম বিরোধী সহিংসতা; বিজেপি শাসিত রাজ্যে রাষ্ট্রপতি শাসন; এবং গেরুয়া শিবিরের অভিব্যক্তি "অযোধ্যার ঘটনায় দুঃখপ্রকাশ"।

পুরনো পাঠ্যপুস্তকে বাবরি মসজিদকে ষোড়শ শতকের মসজিদ বলে উল্লেখ করা হয়েছে, যা মুঘল সম্রাট বাবরের সেনাপতি মীর বাকি তৈরি করেছিলেন।



এখন, এই সপ্তাহে বাজারে আসা নতুন বইটিতে এটিকে উল্লেখ করা হয়েছে "১৫২৮ সালে শ্রী রামের জন্মস্থানে একটি তিন-গম্বুজ কাঠামো (যেটি) নির্মিত হয়েছিল, তবে কাঠামোটির অভ্যন্তরের পাশাপাশি এর বাইরের অংশে হিন্দু প্রতীক এবং ধ্বংসাবশেষের দৃশ্যমান প্রদর্শন ছিল"।

নতুন পাঠ্যপুস্তকে ২০১৯ সালের সুপ্রিম কোর্টের রায়েরও প্রশংসা করা হয়েছে, যদিও তারা স্বীকার করেনি যে এই রায়টি আইন বিশেষজ্ঞ এবং মুসলিম নেতাদের দ্বারা তীব্র সমালোচনা করা হয়েছিল। অধ্যায়টি এটিকে ঐক্য মতের 'ক্লাসিক উদাহরণ' হিসাবে অভিহিত করেছে। পাঠ্যপুস্তকে বলা হয়েছে, "রায়ে রাম মন্দির নির্মাণের জন্য শ্রী রাম জন্মভূমি তীর্থক্ষেত্র ট্রাস্টকে বিতর্কিত জমি বরাদ্দ করা হয়েছে এবং সংশ্লিষ্ট সরকারকে সুন্নি সেন্ট্রাল ওয়াকফ বোর্ডকে মসজিদ নির্মাণের জন্য উপযুক্ত জমি বরাদ্দ করার নির্দেশ দেওয়া হয়েছে। এভাবে গণতন্ত্র আমাদের মতো বহুত্ববাদী সমাজে সংবিধানের অন্তর্ভুক্তিমূলক চেতনাকে সমুন্নত রেখে সংঘাত নিরসনের সুযোগ করে দেয়। প্রত্নতাত্ত্বিক খনন এবং ঐতিহাসিক রেকর্ডের মতো প্রমাণের ভিত্তিতে আইনের যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এই সমস্যাটি সমাধান করা হয়েছিল।

সুপ্রিম কোর্টের এই রায়কে সমাজের বৃহত্তর মহলে উদযাপিত হয়েছে। এটি একটি সংবেদনশীল বিষয়ে ঐক্যমত গড়ে তোলার একটি সর্বোত্তম উদাহরণ যা ভারতে সভ্যতার সাথে জড়িত গণতান্ত্রিক মূল্যবোধের পরিপক্কতা দেখায়। প্রসঙ্গত, ২০১৪ সালের পর এই নিয়ে চতুর্থ বার সংশোধন করা হল এনসিইআরটির দ্বাদশ শ্রেণির পাঠ্যপুস্তক।

## অভিষেকের ছোটখাট অস্ত্রোপচার



**আপনজন ডেস্ক:** কলকাতার হাসপাতালে তৃণমূল কংগ্রেসের যুব নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের শরীরে ছোটখাটো অস্ত্রোপচার হয়েছে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাইপো ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক কে সকালে অ্যাপোলো হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালের এক আধিকারিক জানিয়েছেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অস্ত্রোপচার হয়েছে। ওই আধিকারিক জানিয়েছেন, অভিষেকের ছোটখাটো অস্ত্রোপচার হয়েছে। এটি খুব গুরুতর কিছু ছিল না। তবে এই মুহূর্তে তাঁর শারীরিক অবস্থা সম্পূর্ণ স্থিতিশীল । তাঁকে হাসপাতাল থেকে ছেড়েও দেওয়া হয়েছে। আপাতত অভিষেক এখন স্বাভাবিক জীবনযাপন করতে পারবেন বলে জানিয়েছেন চিকিৎসকরা।

উল্লেখ্য, এর আগে, একাধিকবার চিকিৎসার জন্য দেশের বাইরে যেতে দেখা গিয়েছে তাঁকে । চোখের সমস্যার জন্য একাধিকবার দেশের বাইরে গিয়ে চিকিৎসা করিয়েছেন তিনি । সদ্য লোকসভা নির্বাচনে তিনি প্রচারেও গিয়েছেন। তবে নির্বাচন শেষ হওয়ার পরেই সোশাল মিডিয়ায় নিজের চিকিৎসা করানোর কথা জানিয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।







## প্রথম নজর

### বর্ধমানে সাত সকালে মৃতদেহ ঘিরে উত্তেজনা




মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান

**আপনজন:** বর্ধমান শহরে উল্লাস উপনগরীর কাছে বিজেপি জেলা দপ্তরের ঠিক সামনে জি টি রোডের ওপর একটি মৃতদেহ উদ্ধার কে কেন্দ্র করে ছড়ালো চাঞ্চল্য।
রবিবার সকাল আটটা নাগাদ মৃতদেহ পড়ে থাকতে দেখে স্থানীয় মানুষজন ভিড় জমাতে থাকেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বর্ধমান সদর থানার পুলিশ ও পারবিরহাটা সাব ট্রাফিক গার্ডের ওসি চিন্ময় ব্যানার্জি এবং ট্রাফিকের কর্মীরা। বর্ধমান সদর থানার পুলিশ মৃত্যু দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালের মর্গে পাঠায়। স্থানীয় এবং পুলিশ সূত্র থেকে জানা যায় মৃত ব্যক্তির নাম না জানা গেলেও তাঁর বাড়ি বর্ধমান শহরের বিধান পল্লী এলাকায়। বর্ধমান শহরে সকালবেলায় মৃতদেহ উদ্ধার কে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

### পার্কিং নিয়ে উত্তপ্ত হাওড়ার শালিমার




নিজস্ব প্রতিবেদক ● হাওড়া

**আপনজন:** হাওড়ার শালিমারে পার্কিং নিয়ে দু'পক্ষের সংঘর্ষ। দীর্ঘদিন ধরে স্টেশনের বাইরের অংশে পার্কিং নিয়ে বচসা এদিন চরমে ওঠে। ইট বৃষ্টি হয়। বাড়িঘরের পাশাপাশি গাড়ি ভাঙচুর করা হয়। ঘটনাস্থলে বিশাল পুলিশ ও র‍্যাফ মোতায়েন করা হয়েছে। একপক্ষ আরেক পক্ষের বিরুদ্ধে এই ঘটনায় অভিযোগের আঙুল তুলেছে। অভিযোগ, শালিমার পাঁচ নম্বর এলাকার বুল্লা ভাই এর সাথে শালিমার এক নম্বর এলাকার মুকেশ সিংহের বিবাদ দীর্ঘদিনের। এই এলাকায় একাধিক বহুতল নির্মাণ হচ্ছে সেখানকার সামগ্রী সরবরাহ থেকে এলাকার টোটো পার্কিং, লরি পার্কিং নিয়ে এই দুই গোষ্ঠীর দ্বন্দ্ব দীর্ঘদিনের। এই দুই গোষ্ঠীর সংঘর্ষে কার্যত আজ রণক্ষেত্র হয়ে ওঠে শালিমার স্টেশন চত্বর। এক নম্বর শালিমারের বাসিন্দাদের অভিযোগ পাঁচ নম্বরের লোকজন প্রায় দিন এই এলাকায় এসে গন্ডগোল করে। আজ সকালে এক নম্বর এলাকার এক যুবককে রাস্তায় মারধর করে সেই নিয়ে শুরু হয় বচসা। এরপরেই পাঁচ নম্বরের লোকজন অর্থাৎ বুল্লার লোকেরা

# তৃণমূল ও বিজেপি কর্মীদের মধ্যে সংঘর্ষ বহরমপুরের গ্রামে

রঙ্গিলা খাতুন ● বহরমপুর

**আপনজন:** তৃণমূল ও বিজেপি কর্মীদের মধ্যে সংঘর্ষে উত্তপ্ত হয়ে ওঠে বহরমপুর থানার গোয়ালজান এলাকা। সমাজমাধ্যমে 'ধর্ষণের' একটি ঘটনাকে পোস্ট করাকে কেন্দ্র করে বচসা। আর তারই জেরে তৃণমূল এবং বিজেপি সমর্থকদের মধ্যে সংঘর্ষের জেরে শনিবার রাতে উত্তপ্ত হয়ে উঠল বহরমপুর থানার অন্তর্গত নিয়াল্লিশপাড়া গ্রাম ।পড়ল বোমা। একাধিক বাড়ি ভাঙচুর। ভাঙচুর করা হয়েছে বাইক। পুলিশের গাড়ি লক্ষ্য করে ইটবৃষ্টির অভিযোগ। রাস্তায় রয়েছে বোমার দাগ। ভোটের আগে থেকে হুমকি দেওয়া হতো বলে অভিযোগ। এলাকায় বসেছে পুলিশ পিকেট। বেশ কয়েকজনকে আটক করেছে পুলিশ।
স্থানীয় সূত্রে জানা গেছে প্রায় ১৫ দিন আগে নিয়াল্লিশপাড়ার একটি মেয়েকে ধর্ষণের অভিযোগ ওঠে এক বিজেপি সমর্থকের বিরুদ্ধে। পরে অভিযুক্ত ওই ব্যক্তিকে বহরমপুর থানার পুলিশ গ্রেফতারও করে। এরপর নিয়াল্লিশপাড়ার এক তৃণমূল সমর্থক নিজের ফেসবুক পেজে এই



ঘটনা নিয়ে সোচ্চার হয়ে একটি পোস্ট করেন। আর এই পোস্ট করাকে কেন্দ্র করে শুরু হয় উত্তেজনা ।
এলাকার বাসিন্দা কণিকা মুখোপাধ্যায়ের অভিযোগ, "ভোটের আগেই বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা তাঁদের বাড়িতে হুমকি দিয়েছিল। ভোটে হেরে যাওয়ার বাড়িতে চড়াও হয় বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা। আক্রোশে গেরুয়া শিবিরের লোকজনই বোমাবাজি করে বলেই অভিযোগ। খবর পেয়ে রাতেই এলাকায় পৌঁছয় বিশাল পুলিশবাহিনী। রাতভর তল্লাশি চালিয়ে তিনজনকে আটক করে পুলিশ। কণিকা মুখোপাধ্যায়ের দাবি, আক্রান্ত হওয়ার পরেও তাঁর ছেলে ঋত্বিককে তুলে নিয়ে গিয়েছে পুলিশ। "

# উপনির্বাচনেও বামফ্রন্ট ও আইএসএফ-এর মধ্যে জোট হচ্ছে না



সাদ্দাম হোসেন মিদ্দে ● কলকাতা

**আপনজন:** উপনির্বাচনেও বাম-আইএসএফ জোট হল না। তবে বাম-কংগ্রেস জোট আগের মতই হয়েছে বিধানসভা উপনির্বাচনেও। বামেরা ইতিমধ্যে প্রার্থী তালিকা ঘোষণা করেছে। কংগ্রেসকে ১ আসন ছেড়ে বাকি ৩ টি আসনে প্রার্থী পদ ঘোষণা করেছে বামেরা। শুক্রবার বামফ্রন্টের বৈঠক থেকে প্রার্থী তালিকা চূড়ান্ত করা হয়। বামেদের হয়ে কলকাতার মানিকতলা বিধানসভা কেন্দ্রে লড়বেন সিপিআইএম প্রার্থী রাজীব মজুমদার। উত্তর চব্বিশ পরগনা জেলার বাগদায় লড়বেন ফরোয়ার্ড ব্লকের গৌরদীপ্ত বিশ্বাস। নদীয়া জেলার রানাঘাট দক্ষিণে প্রতিদ্বন্দ্বিতা করছেন সিপিআইএম প্রার্থী অরিন্দম বিশ্বাস।
উত্তর দিনাজপুরের রায়গঞ্জ আসনটি ছাড়া হয়েছে জাতীয় কংগ্রেসের জন্য। কংগ্রেস এখনও প্রার্থীর নাম ঘোষণা করেনি। আইএসএফ ও এখনও প্রার্থী তালিকা ঘোষণা করে নি। তবে খুব তাড়াতাড়ি প্রার্থী তালিকা প্রকাশ করা হবে বলে আইএস এফ বিধায়ক নওসাদ সিদ্দিকী জানিয়েছেন। তবে ৪ টির মধ্যে তাঁরা কটি আসনে লড়বেন তা প্রার্থী তালিকা ঘোষণার পরই স্পষ্ট হবে।
উল্লেখ্য বৃহস্পতিবার (১২ জুন ২০২৪) ভাঙড়ের মাঝেরহাটে বিধায়ক কার্যালয়ে "আপনজন" প্রতিনিধির বামেদের পুলিশ আইএসএফ-এর উপনির্বাচনে জোট হবে হওয়ার সম্ভাবনা আছে কিনা জানতে চেয়েছিলেন। উত্তরে আইএসএফ চেয়ারম্যান বিধায়ক নওসাদ সিদ্দিকী সহনশীল মনোভাব পোষণ করে বলেছিলেন "জোটের প্রস্তাব এলে আইএসএফ বিষয়টি বিবেচনা করবে।" নওসাদের মন্তব্য সম্পর্কে জানতে চাওয়া হলে সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম"আপনজন' প্রতিনিধি কে জানিয়ে ছিলেন যে, "শুক্রবার বামফ্রন্টের বৈঠক ডাকা হয়েছে। সেখানে বিষয়টি আলোচনা হবে।" তবে বামেদের প্রার্থী তালিকা ঘোষণার পর এটা পরিস্কার হয়ে গেল যে, বিধানসভা উপনির্বাচনেও বাম-আইএসএফ জোট হচ্ছে না।

# গ্রামে মদের ঠেক বন্ধের দাবিতে সড়ক অবরোধ মহিলাদের



নিজস্ব প্রতিবেদক ● মালদা

**আপনজন:** গ্রামে বেআইনি মদের ঠেক বন্ধের দাবিতে রাজ্য সড়ক অবরোধ করে দফায় দফায় বিক্ষোভ মহিলাদের।প্রতিবাদ করতে গিয়ে এক মদ কারবারির হাতে নিগ্রহের অভিযোগ মহিলাদের। ঘটনাটি ঘটেছে রবিবার দুপুরে মালদহের হরিশ্চন্দ্রপুর থানার তিলডাঙ্গি গ্রামে।ভালুকাগামী রাজ্য সড়ক অবরোধ করে দুই ঘন্টা ধরে চলে বিক্ষোভ।খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ। এরপর পুলিশের আশ্বাসে মহিলারা বিক্ষোভ তুলে নেন।এরপর এক বেআইনি মদ বিক্রেতাকে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ ।অভিযোগ,গ্রামে চায়ের দোকান থেকে শুরু করে পানের দোকানের আড়ালে রমরমিয়ে চলছে মদের কেনা-বেচা।বাড়ির পুরুষরা মদের প্রতি অনেক বেশি আসক্ত হয়ে পড়ছে। মদ্যপ অবস্থায় বাড়ি ফিরে পরিবারের সদস্যদের সঙ্গে ঝামেলায় জড়িয়ে পড়ছে তারা।এতে গ্রামের পরিবেশ নষ্ট হয়ে যাচ্ছে।অসাধু কারবারীদের গ্রামের মধ্যে মদ বিক্রি করতে বারণ করা হলেও তারা কোনও কথা শুনছে না।অপরদিকে সন্ধ্যা হতেই বাইরে থেকে গ্রামে মদের ঠেকে মদ পান করতে আসছে অনেকে।এর ফলে এলাকায় অসম্ভব হারে বেড়ে গিয়েছে মদ্যপ ব্যক্তিদের উপদ্রব ও চুরির ঘটনা বৃদ্ধি পাচ্ছে।দিনের আলোতে বাড়ির উঠোন থেকে চুরি হয়ে যাচ্ছে বাইক ও সাইকেল।রাতের অন্ধকারে মদ্যপ ব্যক্তিদের অত্যাচার ও অভব্য আচরণ ধেয়ে আসছে এলাকার মহিলাদের উপর।এলাকা নেশার আখড়া হয়ে যাওয়ায় ছোট ছোট শিশুরাও বিপথে চালিত হচ্ছে।মহিলারা ভয়ে সন্ধ্যার সময় বাড়ির বাইরে কোন কাজে যেতে পারছে না।স্কুল কলেজের ছাত্রীরা রাস্তা দিয়ে যেতে ভয় পাচ্ছে। এই পরিবেশ পরিবর্তন করতে হবে এই দাবি তুলে আন্দোলনে নামেন মহিলারা।

# ভাইয়ের হাতে খুন হলেন আরেক ভাই



নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ

**আপনজন:** জমি নিয়ে গন্ডগোলের জেরে কাকাতো ভাইয়ের শাবলের আঘাতে খুন হয়ে গেলেন আর এক ভাই। শনিবার সন্ধ্যায় ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয় মুর্শিদাবাদের সুতি থানার লোকাইপুর গ্রামে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত ওই যুবকের নাম বাদাম মন্ডল। তার বাড়ি লোকাইপুর। জানা গিয়েছে, বেশ কিছুদিন ধরেই লোকাইপুর গ্রামের বাদাম মন্ডলের সঙ্গে তারই আরেক কাকাতো ভাই এর সঙ্গে জমি নিয়ে ঝামেলা হচ্ছিল। শনিবার বিকেলে ফের আরো একবার ঝামেলা সৃষ্টি হয়। তখনই কাকাতো ভাইকে শাবল দিয়ে আঘাত করে আরেক কাকাতো ভাই।
ঘটনাস্থলে লুটিয়ে পড়ে বাদাম মন্ডল। তড়িঘড়ি তাকে জঙ্গিপুর মহকুমা হাসপাতলে নিয়ে আসা হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। পুলিশ দেহ ময়নাতদন্তে পাঠিয়েছে।

## ছড়িয়ে-ছিটিয়ে

### সরকারি আটা বস্তা পাচারের অভিযোগে গ্রেফতার এক




আসিফা লস্কর ● কাকদ্বীপ

**আপনজন:** রাজ্য সরকারের স্টাম্প লাগানো প্যাকেট প্যাকেট আটা পাচার হচ্ছিল গোপনে। আর গোপন সূত্রে খবর পেয়েই কাকদ্বীপের হারউড পয়েন্ট কোস্টাল থানার পুলিশ গ্রেপ্তার করে এক ব্যক্তিকে। উদ্ধার হয় ৪০৫০ প্যাকেট সরকারি লেবেল দেওয়া আটা। পুলিশ সূত্রে জানা যায় দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ বিধানসভার হারুর পয়েন্ট কোস্টাল থানার স্বরূপনগর এলাকায় শনিবার দিন গভীর রাত্রে স্বরূপনগরের একটি গোডাউন থেকে মধুসূদন দাস নামে এক ব্যক্তি সরকারি লেবেল দেওয়া এই আটার প্যাকেটগুলি কুলপির একটি গোডাউনে পাচার করছিল তখনই হাতেনাতে ধরে ফেলে হারুর পয়েন্ট কোস্টাল থানার পুলিশ অভিযুক্ত ওই মধুসূদন দাস কে গ্রেপ্তারের পাশাপাশি ৪০৫০ প্যাকেট আটা উদ্ধার করে হারুর পয়েন্ট কোস্টাল থানার পুলিশ। অভিযুক্তকে আজ কাকদ্বীপ আদালতে তোলা হবে। অন্যদিকে কিভাবে এত পরিমান সরকারি আটা পাচার হচ্ছিল তা নিয়েই উচ্চ প্রশ্ন।

### জেলায় দুস্থদের ঈদ উপহার মানবতা-র



নিজস্ব প্রতিবেদক ● কলকাতা

**আপনজন:** "নতুন সাজে ওরাও মাতুক ঈদের আনন্দে"এই স্লোগানকে সামনে রেখে ঈদুল আযহা উপলক্ষে স্বেচ্ছাসেবী সংস্থা মানবতা বাংলা বিভিন্ন জেলায় বেশ কিছু এতিম ও অসহায় সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদের নতুন পোশাক উপহার দিলো।যার মধ্যে প্রি-প্রাইমারি থেকে কলেজ পড়ুয়া বিভিন্ন বয়সের ছেলেমেয়েরা রয়েছে। বিশেষ করে এতিমদের মায়েদেরও পোশাক প্রদান করে তারা।মানবতা ঈদুল ফিতরে ব্যাপকভাবে পোশাক বিতরণ করেছিলো এবং এই ঈদুল আযহাতেও তারা সম্ভবত মতো পোশাক বিতরণ করলো।
উল্লেখ্য মানবতা বাংলা বিভিন্ন জেলায় বেশ কিছু এতিমের পড়াশুনা পূর্ণ দায়িত্ব ইতিপূর্বে গ্রহণ করেছে। এই ঈদে তাদের মা সহ তাদের সবাইকে পাশাপাশি বেশ কিছু সুবিধা বঞ্চিত অসহায়দেরও পোশাক বিতরণ করে। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, মেদিনীপুর ও কলকাতাতে বস্ত্র প্রদান করে।

# মানিকতলার তৃণমূল প্রার্থী সুপ্তি পান্ডের হয়ে প্রচারে নামল তৃণমূল



নিজস্ব প্রতিবেদক ● কলকাতা

**আপনজন:** মানিকতলা উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে প্রার্থী করা হয়েছে সুপ্তি পাণ্ডেকে। রবিবার সাত সকাল থেকে মানিকতলার ৮টি ওয়ার্ডে তৃণমূল প্রার্থী হয়ে জোরদার প্রচার চালাল তৃণমূল কংগ্রেস। রাজ্যের প্রাক্তন মন্ত্রী সাধন পাণ্ডের স্ত্রী'র নামেই ছাড়পত্র দিয়েছেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর নির্বাচনী এজেন্ট হন অনিন্দ্য রাউত এবং আহ্বায়ক হন কুণাল ঘোষ। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে প্রয়াত হন মানিকতলার দীর্ঘদিনের বিধায়ক ও রাজ্যের প্রাক্তন মন্ত্রী সাধন পাণ্ডে। সাধন পাণ্ডে প্রয়াত হওয়ার প্রায় ২৮ মাস পর মানিকতলা কেন্দ্রে উপনির্বাচন হচ্ছে। লোকসভা নির্বাচন শেষ হতে না হতেই , উপনির্বাচনের দামামা বেজে যাবার পরই এবার জোর কদমে চলছে প্রচার। রবিবাসরীয় সকালে মানিকতলা বাজার সংলগ্ন বিডন স্ট্রিট থেকে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সাংসদ কুনাল ঘোষ প্রচার শুরু করেন, মানিকতলা বিধানসভার উপনির্বাচনের প্রার্থী সুপ্তি পান্ডের সমর্থনে। আটটি ওয়ার্ড ঘুরে, সকাল সকাল মিছিল করেন তিনি। কুনাল ঘোষ সাংবাদিকদের জানান তৃণমূল একটি পরিবার। লোকসভা ভোটে পরাজিত হয়ে বিজেপি নিজেদের মধ্যে ঝগড়া করতে ব্যস্ত। দীর্ঘদিন ওরা মানিকতলা নিয়ে আদালতে সমস্ত কিছু আটকে রেখেছিল। রাজ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ক্ষমতায় থাকবেন এবং মানিকতলা কেন্দ্রকে সেই উন্নয়নের জোয়ারে যুক্ত করতে সেখানকার মানুষ তৃণমূল প্রেক্ষিতে বিপরীত ভোটে জয়ী করবেন এই আশা রাখেন তিনি। রবিবার তাই জোর কদমে প্রচার চালান কুনাল ঘোষ। ভোটারদের দরজায় দরজায় গিয়ে তৃণমূল প্রার্থীকে জেতা নোর বার্তা পৌঁছে দেন তিনি।

# ভোটে হারার কারণ জানাবে মালদা তৃণমূল



দেবাশীষ পাল ● মালদা

**আপনজন:** নির্বাচনের খারাপ ফলাফলে পেছনে যারা ছিলেন পদে থেকেও কোন কাজ করেনি তাদের বিরুদ্ধে করা ব্যবস্থা নেওয়ার জন্য আগামীকাল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অভিষেক বন্দ্যোপাধ্যায় কে চিঠি করবেন রঞ্জিত সরকার এমনটাই জানালেন।মালদার আদিনা ইকো পার্কে রাজ্যের উদ্বাস্তুশেলের পক্ষ থেকে রঞ্জিত সরকার জরুরী এক নির্বাচনী বিষয় নিয়ে এক সভা আয়োজিত হয়। ২০২৪ সালের লোকসভা নির্বাচনের কে কেন্দ্র করে যেসব জায়গায় রাজ্যের শাসকদলের লোকসভা নির্বাচনের খারাপ ফলাফল হওয়ার কারণে। আগামী ২০২৬ সালে নির্বাচনে ভালো ফলাফল হয় তাই এক জরুরী সভা আয়োজন করা হয় মালদাহের ইকো পার্কে যদি ওই জায়গা বেছে নেওয়ার কারণ উত্তর দক্ষিণবঙ্গে কুড়িটি জেলার মধ্যে মালদা মধ্যে থাকায় তাই এই জায়গা বেছে নেওয়া হয়েছে সকলের সুবিধার্থে।রাজ্যের উদ্বাস্তু সেল এর চেয়ারম্যান রঞ্জিত সরকার বলেন, উত্তর মালদা দক্ষিণ মালদার খারাপ রেজাল্ট নিয়ে আলোচনা করা হবে।

# ঝড়ের তীব্রতায় উপড়ে গেল বহু গাছ



সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া

**আপনজন:** ঝড়ের তীব্রতায় কোথাও উড়ে গাছের আগায় উঠল টিনের চালা, কোথাও আবার জাতীয় সড়কে উড়ে পড়ল টিনের শেড। বিদ্যুৎ ও নেট যোগাযোগ বিচ্ছিন্ন বিভিন্ন এলাকা ।
গতকালের ঝড়ে বিপর্যস্ত হয়ে পড়ল বাঁকুড়া জেলার বিভিন্ন প্রান্তের বিদ্যুৎ ও ইন্টারনেট পরিসেবা। দীর্ঘ তাপপ্রবাহের পর গতকাল সন্ধ্যায় বাঁকুড়া জেলার বিভিন্ন জায়গায় বিক্ষিপ্তভাবে প্রবল ঝড় বৃষ্টি হয়। ঝড়ের তীব্রতা এতটাই ছিল যে কোথাও টিনের চালা উড়ে পড়ল জাতীয় সড়কে। আবার কোথাও ঝড়ে উড়ে গাছে চড়ল টিনের শেড।
দীর্ঘ তাপপ্রবাহের পর গতকাল সন্ধ্যায় প্রবল ঝড় বৃষ্টি হয় বাঁকুড়া জেলায়। ঝড়ের তীব্রতায় বাঁকুড়ার লালবাজার সারদাপল্লী এলাকার একটি বাড়ির ছাদে থাকা টিনের শেড উড়ে গিয়ে পড়ে ৬০ নম্বর জাতীয় সড়কের পাশে । টিনের শেডের আঘাতে আহত হন স্থানীয় এক ব্যক্তি। বাঁকুড়া শহরের ফাঁসিডাঙ্গা এলাকায় একটি গুদাম ঘরের টিনের চালা উড়ে গিয়ে পড়ে পার্শ্ববর্তী একটি গাছের উপর প্রায় কুড়ি ফুট উঁচুতে। ঝড়ে বিভিন্ন জায়গায় গাছ ভেঙে বিদ্যুত ও ইন্টারনেটের তার ছিঁড়ে পড়ে। রাতভর বিদ্যুৎ বিচ্ছিন্ন থাকে জেলার বিভিন্ন প্রান্ত। বহু জায়গায় বিচ্ছিন্ন হয়ে পড়ে ইন্টারনেট পরিসেবাও।

# পাথরপ্রতিমায় বেহাল নদীবাঁধ মেরামত না হলে আন্দোলনে নামার হুমকি

চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর

**আপনজন:** রবিবার সুন্দরবনের পাথর প্রতিমার জি প্লটের গোবর্ধনপুরের ভাঙ্গা উপকূলীয় বাঁধ পরিদর্শন করে গ্রামবাসীদের সঙ্গে কথা বললেন সদ্য সমাপ্ত অষ্টাদশ লোকসভা নির্বাচনের এস ইউ সি আই এর প্রার্থী বিশ্বনাথ সরদার।তিনি এদিন নির্বাচনী প্রচারের সময় প্রতিটি জায়গায় যে কথা বলেছিলেন সেই কথামত সমস্যাসঙ্কুল এলাকায় হেরে গিয়েও আবার এলেন।কথা বললেন এলাকার মানুষের সাথে। তিনি প্রতিশ্রুতি রক্ষায় জি প্লট, পাথর প্রতিমা বাজারে যান। সুউচ্চ স্থায়ী কংক্রিটের মজবুত নদীবাঁধ গড়ে তোলার দাবিতে জনমত সংগঠিত করে সরকারী মহলে পৌঁছে দিতে




দরবার করেন।তিনি বলেন, সামান্য প্রাকৃতিক দুর্যোগে নদীমাতৃক এই এলাকার ভঙ্গুর নদী বাঁধ ভেঙে ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি হতে পারে। পাশাপাশি এইসব এলাকার যোগাযোগ এবং জীবন জীবিকার মান উন্নয়নে জয়নগর থেকে রামগঙ্গা ভায়া রায়দীঘি ট্রেন লাইনের সম্প্রসারণ ঘটানোর দাবিতে আমাদের আন্দোলনের কাজকে এগিয়ে নিয়ে যেতে হবে। ট্রেন লাইন সম্প্রসারণের ফলে বিশেষ করে নদী কেন্দ্রিক মাছ সরবরাহ এবং উপযুক্ত দাম এলাকাবাসী পাবে। এই কর্মসূচিতে এলাকায় ব্যাপক সাড়া ফেলেছে।

# সাধের অনুষ্ঠান খেয়ে ডাইরিয়ায় আক্রান্ত হয়ে ১৫ জন হাসপাতালে

আরবাজ মোল্লা ● নদিয়া

**আপনজন:** নদিয়ায় সাধের অনুষ্ঠান খেয়ে ১৫ জন ডাইরিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। কপালে চিন্তার ভাঁজ স্বাস্থ্য দপ্তরে। এক মহিলার সাধের নেমন্তন্ন করা হয়েছিল পারা ভর্তি মানুষকে। এবার সেই অনুষ্ঠানে নেমন্তন্ন খেয়ে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন ১৬ জন। শান্তিপুর থানার অন্তর্গত ফুলিয়া চাপাতলা এলাকায়। অসুস্থ রোগীদের মতে শুক্রবার এলাকার সমস্ত মহিলারা একত্রিত হয়েই রান্নাবান্না করেন,এবং খাওয়া-দাওয়া করেন ওই সাধ ভক্ষণ অনুষ্ঠানে।পরবর্তীতে রাতের বেলা আবারো সেই সমস্ত খাবার দাবার খেলে শনিবার থেকে এলাকার একাধিক ব্যক্তি পায়খানা, জ্বর, এবং বমি হতে দেখেন। এবং যে বাড়িতে অনুষ্ঠান হয়েছিল সেই বাড়ির ও একাধিক সদস্য একই রকম ভাবে অসুস্থ হয়ে পড়ছিল।পরবর্তীতে সকলকে



শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে আসা হলে প্রত্যেককেই হাসপাতালে ভর্তি করে চিকিৎসাধীন করে কর্তব্যরত চিকিৎসকরা। তবে যার বাড়ি অনুষ্ঠান তিনিও জানান কিভাবে এই ঘটনা ঘটলো তা তার জানা নেই। ১৬ জন একসাথে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তির ঘটনায় রীতিমতো কপালে চিন্তার ভাঁজ স্বাস্থ্য বিভাগের।যদিও এ বিষয়ে কোনরকম প্রতিক্রিয়া পাওয়া যায়নি শান্তিপুর হাসপাতালের সুপার তারক বর্মনের। তবে স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর, এই ঘটনায় রীতিমতো একটি মেডিকেল টিম তৈরি করা হয়েছে। ঘটনা কিভাবে ঘটল তার জন্য পরীক্ষা নিরীক্ষা ইতিমধ্যে শুরু করেছে সেই মেডিকেল টিম। যদিও রবিবার সকাল থেকেই একইভাবে ১৫ জনের চিকিৎসা চলছে শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে।ববিতা দাস বলেন, আমরা নিজেরাই রান্না করেছি কিন্তু খাওয়া দাওয়া পরে হটাৎ বুমি পেট ব্যথা করে দুপুর পর থেকে আমরা একই পরিবারের সব হাসপাতালে ভর্তি রয়েছি।

# ঈদগাহ ময়দানে ঢালাই



*আপনজন: উত্তর চব্বিশ পরগনা জেলার হাড়োয়ার আন্দুলিয়া খড়িবাড়ি গ্রামের জামা মসজিদ পাশ্ববর্তী স্থানে ঈদের নামাজ অনুষ্ঠিত হয়।রোদ-ঝড়-বৃষ্টি উপেক্ষা করে আন্দুলিয়া গ্রাম সহ পার্শ্ববর্তী এলাকার মুসুল্লিদের আনাগোনা ছিল এই ময়দানে। ঢালাই হল আন্দুলিয়া ঈদগাহ ময়দানের ছাদ। বিশিষ্ট সমাজকর্মী তথা আন্দুলিয়া জালালিবাগ দরবার শরীফের মুখ্য নির্দেশক পীরজাদা হাজী একেএম ফারহাদ সহ বিশিষ্টজনেদের দোয়ার মধ্যে দিয়ে কাজের শুভারম্ভ হয়। মসজিদ কমিটির কর্মকর্তা হাজী মোঃ দাউদ আলি, হাজী মোঃ ইন্নাস আলী, পীরজাদা হাফেজ মোঃ মোস্তাক আহমেদ, মোঃ নজরুল আলী, মোঃ খোকন, মোঃ জব্বার, মোঃ মহিবুল প্রমুখরা শুকরিয়া আদায় করেন মহান আল্লাহর প্রতি।*

প্রথম নজর

## শয়তানকে পাথর মেরে হজের আনুষ্ঠানিকতা সম্পন্ন



**আপনজন ডেস্ক:** সৌদি আরবের পবিত্র নগরী মক্কার কাছে মিনায় 'শয়তানকে পাথর নিক্ষেপের' মধ্য দিয়ে চলতি বছরের হজের আনুষ্ঠানিকতা শেষ হয়েছে।
রোববার আনুষ্ঠানিকতা শেষে পশু কোরবানির মধ্য দিয়ে ঈদুল আজহা উদযাপন করেছেন হাজিরা। খবর এএফপির।
ফরাসি বার্তা সংস্থাটি এক প্রতিবেদনে জানায়, শয়তানের উদ্দেশে পাথর নিক্ষেপের' জন্য শনিবার রাতে হাজিরা পাথর সংগ্রহ করেন এবং মুজদালিফায় আকাশের নিচে রাতযাপন করেন। সেখানে তারা ৪৬ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার মধ্যেই খোলা জায়গায় বসে প্রার্থনা করেছেন।
চলতি বছর বিভিন্ন দেশ থেকে ১৮ লাখ মুসলমান সৌদি আরবে হজ পালন করতে যান। মক্কার স্থানীয় সময় আজ ভোর থেকেই মক্কা আল-মুকাররামার বাইরে অবস্থিত মিনা উপত্যকায় শয়তানের প্রতীকী তিনটি কংক্রিটের দেয়ালের প্রতিটিতে সাতটি করে পাথর নিক্ষেপ শুরু করেন হাজিরা।
এর আগে, ২০১৫ সালে পাথর নিক্ষেপের ঘটনায় ভয়াবহ পদদলনে ২৩০০ হাজি প্রাণ হারান। এরপর থেকে হজের সময় মিনায় হাজিদের অতিরিক্ত ভিড় এড়াতে স্থানটি নতুন করে ঢেলে সাজিয়েছে সৌদি সরকার।

## এ বছর কত মানুষ হজ করলেন, জানাল সৌদি



**আপনজন ডেস্ক:** ২০২৪ সালের পবিত্র হজে কতজন মানুষ অংশ নিয়েছেন সে সংখ্যা প্রকাশ করেছে সৌদি আরব। শনিবার (১৫ জুন) এই সংখ্যা জানায় সৌদি পরিসংখ্যান কর্তৃপক্ষ। সৌদি পরিসংখ্যান কর্তৃপক্ষ জানিয়েছে, এই বছর ১৮ লাখ ৩৩ হাজার মানুষ হজ করেছেন। তাদের মধ্যে ১৬ লাখ ১১ হাজার ৩১০ জন বিদেশি এবং ২ লাখ ২১ হাজার ৮৫৪ জন সৌদি ও প্রবাসী নাগরিক। সংস্থাটির হিসাব অনুযায়ী, এবার হাজিদের মধ্যে পুরুষ ৯ লাখ ৫৮ হাজার ১৩৭ জন এবং নারী ৮ লাখ ৭৫ হাজার ২৭ জন। এ ছাড়া আরব দেশ ছাড়া এশিয়ার অন্যান্য দেশ থেকে এবার সবচেয়ে বেশি মানুষ হজ করেছেন। এই সংখ্যাটা ৬৩ দশমিক ৩ শতাংশ। অন্যদিকে সবচেয়ে কম মানুষ এসেছে ইউরোপ, আমেরিকা, ও অস্ট্রেলিয়া থেকে।

## আরাফাতের ময়দানে হিট স্ট্রোকে ৬ হজযাত্রীর মৃত্যু



**আপনজন ডেস্ক:** সৌদি আরবে হিট স্ট্রোকে অন্তত ছয় হজযাত্রীর মৃত্যু হয়েছে। আরাফাতের ময়দানে জড়ো হওয়ার পর শনিবার (১৫ জুন) এই হজযাত্রীদের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।
নিহতদের ছয়জনই জর্দানের নাগরিক। জর্দানের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, তারা জেদ্দায় সৌদি কর্তৃপক্ষের সঙ্গে মৃতদের দাফনের পদ্ধতি এবং তাদের লাশ জর্দানে ফেরত নেওয়ার বিষয়ে সমন্বয় করছে। নিহতদের একজনের ভাগ্নি জানিয়েছেন, তার খালা আরাফাতের ময়দানে মারা গেছেন। তাকে সৌদি আরবেই দাফন করা হয়েছে। এই বছর জর্দান থেকে অন্তত চার হাজার মানুষ হজ করতে এসেছেন। তবে নিহত ছয়জন সরকারি প্রতিনিধিদলের অংশ হিসেবে হজ করতে আসেননি। অর্থাৎ তাদের কাছে হজের জন্য বৈধ লাইসেন্স ছিল না। সৌদি কর্তৃপক্ষের সাধারণ পরিসংখ্যান অনুযায়ী, এই বছর ১৮ লাখের বেশি মানুষ হজে অংশ নিয়েছে। হজযাত্রীদের ছাতা ব্যবহার ও প্রচুর পানি পানের নির্দেশ দিয়ে সৌদি স্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্র মুহাম্মাদ আল-আব্দুলালি বলেছেন, পাঁচ দিনব্যাপী চলা হজের পুরোটা সময়ই মক্কায় তীব্র তাপপ্রবাহ অব্যাহত থাকবে।

# বাধা পেরিয়ে আল-আকসায় ঈদের জামাতে ৪০ হাজার ফিলিস্তিনি



**আপনজন ডেস্ক:** প্রায় ৪০ হাজার ফিলিস্তিনি রবিবার অধিকৃত পূর্ব জেরুজালেমের আল-আকসা মসজিদে ঈদুল আজহার নামাজ আদায় করেছে। তবে সেখানে কোনো উৎসবের আমেজ ছিল না। পরিবর্তে গাজা উপত্যকায় আট মাসেরও বেশি সময় ধরে চলমান যুদ্ধের শিকারদের জন্য শোক দেখা গেছে মুসল্লিদের মাঝে। আনাদোলু এজেন্সির এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।
জেরুজালেমের ইসলামিক ওয়াকফ বিভাগ এক বিবৃতিতে জানিয়েছে, প্রায় ৪০ হাজার মুসল্লি ঈদুল আজহার নামাজ আদায় করেছে। তবে কঠোর বিধি-নিষেধের কারণে হাজারো মুসল্লিকে আল-আকসায় প্রবেশে বাধা দেওয়া হয়েছে।
ফিলিস্তিনি বার্তা সংস্থা ওয়াফা বলেছে, '(ইসরায়েলি) দখলদার বাহিনী রবিবার সকালে আল-আকসা মসজিদে যাওয়ার পথে এবং সেখান থেকে বের হওয়ার সময় মুসল্লিদের ওপর হামলা চালায় এবং অনেককে ঈদের নামাজ পড়ার জন্য প্রবেশ করতে বাধা দেয়।'
ওয়াফা আরো বলেছে, 'সকাল বেলাজ দখলদার বাহিনী আল-আকসা মসজিদের আঙিনায় প্রবেশ করে, মুসল্লিদের পরিচয় যাচাই করে, তাদের চলাচলে বাধা দেয়, অনেক যুবককে প্রবেশ করতে বাধা দেয় এবং মসজিদের দরজার বাইরে নামাজ পড়তে বাধ্য করে।'
এদিকে মুসল্লিদের প্রবেশে ইসরায়েলি সেনাবাহিনীর আরোপিত নিরাপত্তা নিষেধাজ্ঞা সত্ত্বেও অধিকৃত পশ্চিম তীরের দক্ষিণাঞ্চলীয় শহর হেবরনের ইব্রাহিমি মসজিদে হাজারো ফিলিস্তিনি এদিন ঈদুল আজহার নামাজ আদায় করেছে।
হেবরনের ওয়াকফ বিভাগের প্রধান ঘাসন আল-রাজাবি আনাদোলুকে বলেন, 'ঈদুল আজহায় দখলদারিত্বের পদক্ষেপের উদ্দেশ্য হলো পবিত্র স্থানগুলোতে, বিশেষ করে ইব্রাহিমি মসজিদে ফিলিস্তিনিদের প্রবেশ রোধ করা। এসব ব্যবস্থা সত্ত্বেও আট থেকে ১০ হাজার ফিলিস্তিনি ঈদুল আজহার নামাজ মসজিদে আদায় করেছে।
আনাদোলু সংবাদদাতার মতে, ইব্রাহিমি মসজিদে প্রবেশ করতে এবং সেখানে প্রার্থনা করতে মুসল্লিদের অবশ্যই সামরিক চেকপয়েন্ট এবং তারপর ইলেকট্রনিক গেট দিয়ে যেতে হয়েছে।
জাতিসংঘ নিরাপত্তা পরিষদ অবিলম্বে যুদ্ধবিরতির দাবি জানানো সত্ত্বেও ৭ অক্টোবর হামাসের হামলার পর থেকে ইসরায়েলি ক্রমাগত নৃশংস আক্রমণের মধ্যে গাজা উপত্যকায় এ বছরের ঈদুল আজহা পালিত হচ্ছে। স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের মতে, গত বছরের অক্টোবর থেকে ইসরায়েলি বাহিনীর হাতে গাজায় ৩৭ হাজারেরও বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে, যাদের অধিকাংশই নারী ও শিশু।
পাশাপাশি ৮৫ হাজারেরও বেশি মানুষ আহত হয়েছে।
আট মাসেরও বেশি সময় ধরে চলা ইসরায়েলি আক্রমণে গাজার বিস্তীর্ণ অঞ্চল খাদ্য, বিশুদ্ধ পানি ও ওষুধের অভাবের মধ্যে ধ্বংসস্তূপে পরিণত হয়েছে।
ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক বিচার আদালতে গণহত্যার অভিযোগ রয়েছে। সর্বশেষ রায়ে তেল আবিবকে অবিলম্বে রাফাতে সামরিক কার্যক্রম বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। ৬ মে শহরটিতে আক্রমণের ১০ লাখেরও বেশি ফিলিস্তিনি যুদ্ধ থেকে সেখানে আশ্রয় নিয়েছিল।

## মঙ্গোলিয়ায় বিরোধী প্রার্থীকে পিটিয়ে হত্যা



**আপনজন ডেস্ক:** পূর্ব এশিয়ার দেশ মঙ্গোলিয়ায় সংসদীয় নির্বাচনের এক বিরোধী প্রার্থীকে পিটিয়ে হত্যা করা হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাত দিয়ে এএফপি রবিবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। দেশটিতে আগামী ২৮ জুন সংসদীয় নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা।
পুলিশ এক বিবৃতিতে জানিয়েছে, নিহত ব্যক্তি ডেমোক্রেটিক পার্টির (ডিপি) সদস্য ও মঙ্গোলিয়ার মধ্যাঞ্চলীয় সান্ট সামের গভর্নর ছিলেন। তবে তার পরিচয়ের বিষয়ে আর কোনো তথ্য প্রকাশ করা হয়নি। শনিবার তাকে হত্যা করা হয়েছে। হামলাস্থলের আশপাশের পরিস্থিতি এখনো স্পষ্ট নয়। এ ছাড়া স্থানীয় গণমাধ্যমে নিহত ব্যক্তির নাম বি. বায়ানমুনখ এবং দলের বিবৃতিতে তাকে 'বিবি' হিসেবে চিহ্নিত করা হয়েছে।

ছড়িয়ে-ছিটিয়ে

## গাজা যুদ্ধের কারণে দুঃখের সাথে ঈদুল আজহা উদযাপিত হচ্ছে: এরদোগান



**আপনজন ডেস্ক:** তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান বলেছেন, গাজায় যুদ্ধের কারণে মুসলিম বিশ্বে এবার দুঃখের সাথে ঈদুল আজহা পালিত হচ্ছে। পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে এক টেলিফোন আলাপে তিনি এই মন্তব্য করেন।
তুরস্কের যোগাযোগ অধিদপ্তর বলেছে, পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে টেলিফোনে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন এরদোগান। তুর্কি প্রেসিডেন্ট শাহবাজ শরিফ এবং পাকিস্তানের জনগণকে ঈদের শুভেচ্ছা জানান। গত ৭ অক্টোবর থেকে ইহুদি ইসরায়েল গাজায় নির্বিচারে বোমা বর্ষণ করে যাচ্ছে। ইসরায়েলের আক্রমণে এখন পর্যন্ত ৩৭ হাজার ৩০০ ফিলিস্তিনি নিহত হয়েছে যার অধিকাংশ নারী ও শিশু।
খবর অনুসারে, পবিত্র ঈদুল আজহায় আল-আকসা মসজিদ প্রাঙ্গণে মুসল্লিদের প্রবেশে কড়াকড়ি আরোপ করেছিল ইসরায়েলি বাহিনী। ব্যাপক তল্লাশির পর ঈদের নামাজ আদায়ের জন্য প্রাঙ্গণে প্রবেশ করতে পারেন অনেকে।
জেরুজালেম ইসলামিক ওয়াক্ফ জানায়, আজ আল-আকসায় ৪০ হাজারের বেশি মুসল্লি ঈদের নামাজ আদায় করেছেন।
ওয়াফা সংবাদমাধ্যমের খবর, কড়াকড়ির পরও আল-আকসায় হাজারো মুসল্লি পবিত্র ঈদুল আজহার নামাজ আদায় করেছেন। আসা-যাওয়ার পথে অনেকে ইসরায়েলি বাহিনীর হাতে নিগ্রহের শিকার হয়েছেন।
এদিকে ইসরায়েলের বাধায় পশু কোরবানি করতে পারেনি অবরুদ্ধ গাজা উপত্যকার বাসিন্দারা। দখলদার বাহিনী গাজার সব কয়টি সীমান্ত ক্রসিং বন্ধ করে দেয়। কোরবানির পশু প্রবেশে বাধা সৃষ্টি করে।
তুরস্কভিত্তিক আনাদোলু এজেন্সির খবরে বলা হয়েছে, কোরবানির পশু প্রবেশের ওপর ইসরায়েলের নিষেধাজ্ঞার কারণে ঈদুল আজহা উদযাপন এবং ইসলামী ধর্মীয় অনুশীলনের অংশ হিসেবে কোরবানি করার সুযোগ থেকে বঞ্চিত হয়েছে হাজার হাজার পরিবার।

## ধ্বংসস্তূপের মধ্যে গাজায় ঈদ, কুরবানিতে বাধা ইসরায়েলের



**আপনজন ডেস্ক:** ইসরাইলি ধ্বংসযজ্ঞের মধ্যে গাজাবাসী আজ রোববার ঈদুল আজহা উদযাপন করেছে। আজ সকালে বিধ্বস্ত এলাকার মধ্যেই ঈদের জামাত হয়েছে।
গাজায় ইসরাইলি হামলার আজ ২৫৪তম দিন। এত দিনের ইসরাইলি তাণ্ডবে গাজার সব কিছু ধ্বংস হয়ে গেছে। তাদের জীবন, জীবিকা কোনো কিছুই অবশিষ্ট নেই। তাদের বাসভবন, মসজিদ-সবাই গুঁড়িয়ে দেয়া হয়েছে। ফলে ঈদের আনন্দ বলতে আর কিছু নেই।
গাজার দোকানপাট আগেই ধ্বংস হয়ে গেছে। যে দুই-একটি আছে, সেগুলোও বন্ধ রয়েছে। ঈদুল আজহার অন্যতম বিষয় কোরবানি দেয়া। বেশ ধুমধাম করে কোরবানির আয়োজন করে থাকে গাজাবাসী। কিন্তু এবার কোরবানির পশু কেনার মতো সামর্থ্য তাদের নেই।
তবে বিভিন্ন দাতব্য সংস্থা কিছু পশু কোরবানি করে বিভিন্ন পরিবারের মধ্যে বিতরণের চেষ্টা করছে।
এবারের ঈদ ওইসব পরিবারের জন্য আরো কঠিন হয়ে পড়েছে যাদের পরিবারের সদস্য নিহত হয়েছে বা আহত হয়ে কাতরাচ্ছে। ১০ হাজারের বেশি ফিলিস্তিনি গুরুতর আহত হয়েছে। তারা চিকিৎসা পর্যন্ত পাচ্ছে না।
এছাড়া ইসরাইল আট হাজারের বেশি লোককে ধরে নিয়ে গেছে। তারা কোথায়, কিভাবে আছে, কেউ জানে না।
জাবালিয়া মসজিদের ইমাম ঈদের জামাতের খুতবায় বলেন, দখলদার বাহিনী গাজার মানুষের মনোভাব ভেঙে দেয়ার চেষ্টা করছে। কিন্তু ফিলিস্তিনি প্রতিরোধ অব্যাহত রয়েছে। তারা দখলদারদের কঠোর আঘাত হানা অব্যাহত রাখবে। ইসরাইলি দখলদারিত্বের কারণে আমরা আমাদের ধর্মীয় অনুশাসনও পালন করতে পারছি না।
উল্লেখ্য, গাজায় ইসরাইলি হামলায় ইতোমধ্যে ৩৭ হাজারের বেশি লোক নিহত হয়েছে। গাজার তিন-চতুর্থাংশের বেশি লোক বাস্তুচ্যুত হয়েছে।
আর্থিকভাবে সামর্থ্যবান মুসলমানদের জন্য পবিত্র ঈদুল আজহার দিনে সৃষ্টিকর্তা মহান আল্লাহর নামে পশু কোরবানি দেওয়া বাধ্যতামূলক একটি কাজ। কিন্তু দখলদার ইসরায়েলি বাহিনীর বাধায় এবার সেটিও ঠিকভাবে করতে পারছেন না ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার বাসিন্দারা। গাজার সব কয়টি সীমান্ত ক্রসিং বন্ধ করে দিয়ে কোরবানির পশু প্রবেশে বাধা সৃষ্টি করেছে দখলদার বাহিনী।

## গাজা গণহত্যার প্রভাব নিয়ে গবেষণা করার প্রস্তাব দেওয়ায় মার্কিন অধ্যাপককে বরখাস্ত




**আপনজন ডেস্ক:** আমেরিকার শিকাগো অঙ্গরাজ্যের ডি পল ইউনিভার্সিটির একজন অধ্যাপককে বরখাস্ত করা হয়েছে। কারণ, গাজা যুদ্ধ সম্পর্কে তিনি তার ছাত্রদের একটি ঐচ্ছিক অ্যাসাইনমেন্ট করার পরামর্শ দিয়েছিলেন।
এই নারী অধ্যাপক অ্যান ডি'অ্যাকুইনোকে গত মাস থেকে ওইই বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য বিজ্ঞান বিভাগে পড়াতে নিষেধ করা হয়।
পার্সটুডে'র প্রতিবদেন অনুসারে, অ্যান ডি'অ্যাকুইনো গত মাসে একটি ঐচ্ছিক অ্যাসাইনমেন্ট উপস্থাপন করেছিলেন যেখানে তিনি শিক্ষার্থীদের মানব স্বাস্থ্য এবং জীববিজ্ঞানের ওপর গাজার গণহত্যার প্রভাব নিয়ে মূল্যায়ন করতে বলেছিলেন।
কয়েকদিন আগে ডি'অ্যাকুইনো একটি সংবাদ সম্মেলনে প্রথমবারের মতো জনসমক্ষে এই বিষয়টি উল্লেখ করে বলেছিলেন, 'আমাকে বরখাস্ত করা একাডেমিক স্বাধীনতার লঙ্ঘন এবং ফিলিস্তিন ইস্যুতে যেকোনো আলোচনাকে ইহুদি-বিরোধী মিথ্যা দাবিতে পরিণত করার এই প্রশাসনের প্রচেষ্টার আরেকটি উদাহরণ।'
এই অধ্যাপককে সমর্থন করতে প্রায় ৫০ জন লোক দি পল বিশ্ববিদ্যালয়ের আশেপাশে জড়ো হন। তারা ফিলিস্তিনি পতাকা নাড়ছিলেন এবং তাদের হাতে বহন প্ল্যাকার্ডে লেখা ছিল: 'একাডেমিক স্বাধীনতা ফিলিস্তিন অন্তর্ভুক্ত।'
এদিকে, শিক্ষার্থীরা দি পল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনের প্রশাসনিক কার্যালয়ে মিসেস ডি'অ্যাকুইনোর প্রত্যাবর্তনের দাবিতে একটি আবেদন জানাযন। শিক্ষার্থীদের মাধ্যমে উপস্থাপিত পিটিশনে ১,৫০০টিরও বেশি স্বাক্ষর রয়েছে। ডি'অ্যাকুইনো ক্লাসে ফিরে যাওয়ার বিষয়ে প্রায় তিন সপ্তাহ আগে একটি আপিল দায়ের করেছিলেন এবং কিন্তু বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের কাছ থেকে এখনও কোনো নির্দিষ্ট জবাব পাননি।

### সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৩.১৯মি.
ইফতার: সন্ধ্যা ৬.২৮ মি.



### নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৩.১৯ | ৪.৫১ |
| যোহর | ১১.৪২ | |
| আসর | ৪.১৬ | |
| মাগরিব | ৬.২৮ | |
| এশা | ৭.৫০ | |
| তাহাজ্জুদ | ১০.৫৩ | |

## আরব আমিরাতে ঈদের জামাত অনুষ্ঠিত



**আপনজন ডেস্ক:** সংযুক্ত আরব আমিরাতে উৎসবমুখর পরিবেশে উদযাপিত হচ্ছে মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা। মধ্যপ্রাচ্যের এই দেশটিতে ভোর থেকে ঈদুল আজহা উদযাপন শুরু হয়েছে এবং দেশজুড়ে ঈদগাহ ও মসজিদ ঈদের নামাজ আদায় করেছেন।
রোববার (১৬ এপ্রিল) সকালেই দেশটির মুসল্লিরা বিভিন্ন স্থানে ঈদের নামাজ আদায় করেন। পরে তারা একে অপরের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।

## গাজায় অর্ধলক্ষাধিক শিশুর জরুরি চিকিৎসা প্রয়োজন: জাতিসংঘ



**আপনজন ডেস্ক:** অবরুদ্ধ গাজা উপত্যকায় অর্ধলাখেরও বেশি শিশুর তীব্র অপুষ্টিজনিত জরুরি চিকিৎসার প্রয়োজন বলে জানিয়েছে জাতিসংঘের ফিলিস্তিনি শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনআরডব্লিউএ। শনিবার (১৫ জুন) এক বিবৃতিতে সংস্থাটি বলেছে, গাজায় মানবিক ত্রাণসহায়তা প্রবেশে বিধিনিষেধ অব্যাহত রয়েছে। ফলে গাজার মানুষ চরম ক্ষুধার মুখোমুখি হচ্ছেন। আমাদের টিম যাদের সহায়তা প্রয়োজন তাদের কাছে পৌঁছাতে অক্লান্ত পরিশ্রম করছেন। তবে পরিস্থিতি ভয়াবহ। গাজায় ত্রাণ পাঠানো শুধু নয়, এসব ত্রাণ মানুষের মাঝে বিতরণ কতটা কঠিন সে বিষয়টি ইউনিসেফের মুখপাত্র জেমস এল্ডারও সামনে নিয়ে এসেছেন। তিনি বলেছেন, জাতিসংঘের জন্মের পর যে কোনো যুদ্ধের চেয়ে এই যুদ্ধে বেশি ত্রাণকর্মী নিহত হয়েছে। গত বুধবার (১২ জুন) ১০ হাজার শিশুর মাঝে পুষ্টি ও চিকিৎসা সরঞ্জাম বিতরণের একটি মিশন পরিচালনার কথা ছিল ইউনিসেফের। এসব ত্রাণসহায়তা বিতরণই তাদের কাজ ছিল। এই জন্য তারা ইসরায়েলি কর্তৃপক্ষের কাছ থেকে আগেই অনুমতি নিয়ে রেখেছিলেন।

## যুক্তরাষ্ট্রে ওয়াটার পার্কে বন্দুক হামলা, শিশুসহ আহত ৯



**আপনজন ডেস্ক:** যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের একটি ওয়াটার পার্কে বন্দুক হামলার ঘটনায় দুই শিশুসহ অন্তত ৯ জন আহত হয়েছে। ওকল্যান্ড কাউন্টি শেরিফ মাইকেল বাউচার্ড এক সংবাদ সম্মেলনে জানান, স্থানীয় সময় শনিবার (১৫ জুন) বিকেল ৫টার দিকে রচেস্টার হিলসের ব্রুকল্যান্ড প্লাজা স্প্ল্যাশ প্যাড পার্কের সামনে গাড়ি থেকে নামেন এক ব্যক্তি। গাড়ি থেকে নেমেই তিনি একটি নাইন মিলিমিটার সেমিঅটোমেটিক পিস্তল থেকে প্রায় ৩০টি গুলি ছুড়েন। এতে পার্কে গরম থেকে প্রশান্তি পেতে যেসব মানুষ আসেন তাদের মধ্যে ৯ জন গুলিবিদ্ধ হন। মাথায় গুলিবিদ্ধ আট বছর বয়সী একজন ছেলের অবস্থা আশঙ্কাজনক বলে ধারণা করা হচ্ছে। এছাড়া পেটে ও পায়ে গুলি লাগায় ওই শিশুর মা-ও আশঙ্কাজনক অবস্থায় রয়েছেন। তবে তার চার বছর বয়সী ভাই পায়ে ক্ষত নিয়ে স্থিতিশীল অবস্থায় রয়েছে। এই হামলায় আহত অন্যদের বয়স ৩০ বছর বার তার বেশি।
এদিকে এই ঘটনায় সন্দেহভাজন এক ব্যক্তির পিছু নিয়ে তার বাড়ি পর্যন্ত যায় মার্কিন পুলিশ। তবে সেখানে গিয়ে তাকে মৃত অবস্থায় পাওয়া। ধারণা করা হচ্ছে তিনি নিজের ছোড়া বন্দুকের গুলিতে মারা গেছেন। সন্দেহভাজন ওই ব্যক্তি রচেস্টার হিলসে বসবাস করেন না। তবে ওই পার্কেই তিনি কেন গেলেন, তা এখনো বের করতে পারেনি পুলিশ।

## রাশিয়ায় কারাগারে ৬ জনকে গুলি করে হত্যা



**আপনজন ডেস্ক:** রাশিয়ার একটি কারাগারে জিম্মি হওয়া দুই কারারক্ষীকে উদ্ধারসহ ছয়জনকে গুলি করে হত্যা করেছে দেশটির বিশেষ বাহিনী। আন্তর্জাতিক জঙ্গি গোষ্ঠী ইসলামিক স্টেটের সঙ্গে তাদের সংশ্লিষ্টতার অভিযোগ গুলি করে হত্যা করা হয়। রোববার (১৬ জুন) রাশিয়ার দক্ষিণাঞ্চলীয় শহর রোস্তভে ওই দুই কারারক্ষীকে কারাগারে জিম্মি করা হয়। রাশিয়ার রাষ্ট্রীয় মিডিয়ার খবরে বলা হয়েছে, নিহতদের কয়েকজন সন্ত্রাসী কর্মকাণ্ডের দায়ে অভিযুক্ত ছিলেন এবং আন্তর্জাতিক জঙ্গি সংগঠন আইএস'র সঙ্গে তাদের সংশ্লিষ্টতা রয়েছে। এছাড়া এ বছরের মার্চে মস্কোর কনসার্ট হলে ভয়াবহ হামলার জন্য দায়ী ছিল এই গোষ্ঠীটি। ছয় জিম্মিকারীদের মধ্যে একজনের মাথায় হেডব্যান্ড দিয়ে আইএস'র পতাকা বাঁধা ছিল। যেখানে আরবিতে কিছু লেখা ছিল। কারারক্ষীদের উদ্ধার করতে গেল তারা রাশিয়ার বিশেষ বাহিনীর ওপর হামলা চালানোর চেষ্টা করে। টেলিগ্রাম চ্যানেল ১১২ তে প্রকাশিত ভিডিওতে দেখা গেছে, ওই ছয় জনের একজন ছুরি নিয়ে কারারক্ষীদের ওপর হামলা চালায় এবং কারাগার থেকে বের হওয়ার জন্য কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা চালায়। এ অবস্থায় রাশিয়ার বিশেষ বাহিনী কারাগারে হামলা চালানোর সিদ্ধান্ত নেয়। টেলিগ্রামে চ্যানেলে প্রকাশিত ভিডিওতে স্বয়ংক্রিয় গুলির শব্দ শোনা যায়। এছাড়া ওই ভিডিওতে নিহত ছয় জনের রক্ত গড়িয়ে যেতে দেখা যায়।

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ১৬৪ সংখ্যা, ৪ আষাঢ় ১৪৩১, ১০ জিলহজ, ১৪৪৫ হিজরি

## আত্মশুদ্ধি, ত্যাগ ও সম্প্রীতি

আজ সমগ্র দেশে পালিত হইতেছে মুসলমানদের অন্যতম ধর্মীয় ও সম্প্রীতির উত্‌সব পবিত্র ঈদুল আজহা। এখানে ঈদ শব্দের অর্থ উত্‌সব বা আনন্দ। আর আজহার অর্থ ত্যাগ বা উত্‌সর্গ করা। ইহাকে কোরবানির ঈদও বলা হয়। যেইহেতু এই ঈদের গুরুত্বপূর্ণ অনুষঙ্গ আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য তাহার নামে ও তাহার উদ্দেশে পশু কোরবানি করা। ‘কোরবানি’ শব্দের শাব্দিক অর্থ হইল নৈকট্য অর্জন করা। মর্যাদাপূর্ণ এই ইবাদতের মাধ্যমে আল্লাহ রাব্বুল আলামিনের অপার সন্তুষ্টি ও নৈকট্য লাভ করা যায়।

উল্লেখ্য, আদি পিতা আদম (আ.)-এর দুই পুত্র কাবিল ও হাবিলের দেওয়া কোরবানি হইতেই কোরবানির ইতিহাসের গোড়াপত্তন হইয়াছে। ইহারপর হইতে বিগত সকল উম্মতের উপর তাহা জারি ছিল।

আমাদের উপর যে কোরবানির নিয়ম নির্ধারিত হইয়াছে, তাহা মূলত ইবরাহিম (আ.) কর্তৃক শিশুপুত্র ইসমাইল (আ.)-কে আল্লাহর রাহে কোরবানি দেওয়ার অনুসরণে ‘সুন্নাতে ইবরাহিমি’র অংশ। মক্কা নগরীর জনমানবহীন ‘মিনা’ প্রান্তরে আল্লাহর দুই আত্মনিবেদিত বান্দা ইবরাহিম ও ইসমাইল আল্লাহর নিকট নিঃশর্ত আত্মসমর্পণের মাধ্যমে তুলনাহীন ত্যাগের যে দৃষ্টান্ত স্থাপন করেন, বর্ষপরম্পরায় তাহারই স্মৃতিচারণ হইল ‘ঈদুল আজহা’ বা কোরবানির ঈদ। এই ঈদের মূলত দুইটি দিক রহিয়াছে :এক. আল্লাহর নিকট আত্মসমর্পণের মাধ্যমে তাহার সন্তুষ্টি লাভ এবং দুই. কোরবানির মাংস বিতরণের মাধ্যমে সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠা।

মহান আল্লাহ বলেন, ‘তুমি তোমার প্রতিপালকের উদ্দেশে সালাত বা নামাজ আদায় করো এবং কোরবানি করো’ (সুরা কাওসার-২)।

কাফির-মুশরিকেরা তাহাদের দেবদেবী এবং বিভিন্ন কবর ও বেদিতে পূজা দেয় এবং মূর্তির উদ্দেশে কোরবানি করিয়া থাকে। তাহার প্রতিবাদস্বরূপ মুসলমানগণকে আল্লাহর জন্য সালাত আদায়ের ও তাহার উদ্দেশে কোরবানি করিবার হুকুম দেওয়া হইয়াছে। কোরবানির স্মৃতিবাহী জিলহজ মাসে হজ উপলক্ষ্যে সমগ্র পৃথিবী হইতে লক্ষ লক্ষ মুসলমান সমবেত হন ইবরাহিম (আ.)-এর স্মৃতিবিজড়িত মিনা, আরাফাত. মুজদালিফা ও সর্বোপরি মক্কা মুকাররমায়। ইহাতে আমরা নিবিড়ভাবে অনুভব করি বিশ্বমুসলিম ভ্রাতৃত্ব। অন্যদিকে আমাদের বিত্তবৈভব, সংসার ও সমাজ সকল কিছুই মহান আল্লাহর উদ্দেশে নিবেদিত এবং কোরবানি হইতেছে সেই নিবেদনের একটি প্রতীক। এই জন্য আমরা পশু কোরবানির সময় এই আয়াতটি পাঠ করিয়া থাকি :‘বলুন, নিশ্চয়ই আমার নামাজ, আমার কোরবানি, আমার জীবন ও আমার মরণ–(সকল কিছু) আল্লাহ রাব্বুল আলামিনের জন্য নিবেদিত। (সুরা আনআম, আয়াত-১৬৩)।

পশু কোরবানির মাধ্যমে মানবমনে বিরাজমান যাবতীয় পশুত্ব তথা নির্মমতা, ক্রোধ, হিংসা, অত্যাচারী মনোভাবের অশুভ কর্মকাণ্ডের মূলোত্‌পাটন ঘটানোর দীক্ষাই কোরবানির মাধ্যমে মুসলিম উম্মাহ পাইয়া থাকেন। কোরবানির বিধানের মাধ্যমে সমাজে একের সম্পদে অন্যের অধিকারের বিষয়টিও বিশেষভাবে উন্মোচিত হয়। এই জন্য পবিত্র ঈদুল আজহা ত্যাগের দীক্ষায় পরিশুদ্ধ জীবন গঠন ও ভারসাম্যপূর্ণ সমাজ গঠনের নিয়মতান্ত্রিক অনুশীলনও বটে। তাহাতে থাকিতে পারে না কোনো লৌকিকতা বা ব্যক্তিকেন্দ্রিক স্বার্থ। এই জন্য বড় গরু ক্রয় করিয়া বা একাধিক কোরবানি করিয়া বড়াই করিবার অবকাশ নাই ইসলামে। কেননা এই ধরনের রিয়া বা লৌকিকতা শরিয়াতে নিষিদ্ধ। ইহা ছোট শিরকেরও অন্তর্ভুক্ত। কিয়ামতের দিন রিয়াকারীরা সকলের সম্মুখে অপমানিত ও লাঞ্ছিত হইবে। আমাদের মনে রাখিতে হইবে, কোরবানির পশু ক্রয় ও ইহা জবাই করিয়া মাংস ভক্ষণই সকল কিছু নহে। এই সমস্ত আনুষ্ঠানিকতার মধ্যে একটি অন্তর্নিহিত তাত্‌পর্য ও শিক্ষা রহিয়াছে। আর তাহা হইল আল্লাহর সন্তুষ্টি লাভ। এই জন্য আল্লাহ-তায়ালা বলিয়াছেন, ‘আল্লাহর নিকট না তাহাদের কোরবানির গোশত পৌঁছে, না তাহাদের রক্ত–বরং পৌঁছে যায় তোমাদের ধার্মিকতা’ (সুরা হজ, আয়াত :৩৭)। মানবসভ্যতার বিকাশে মুসলমানদের কোরবানির ত্যাগ ও সম্প্রীতির শিক্ষার গুরুত্ব ব্যাপক। কেননা, ত্যাগ ব্যতীত কোনো সমাজ ও সভ্যতা বিনির্মাণ করা সম্ভব নহে। ঈদুল আজহার আত্মত্যাগের শিক্ষা ও আদর্শ গ্রহণ করিয়া বাস্তব জীবনে তাহা প্রতিফলিত করিতে পারিলেই শান্তিপূর্ণ সামাজিক সহাবস্থান নিশ্চিত হইবে। আমরা ঈদুল আজহা উপলক্ষ্যে সকলকে জানাই অনাবিল প্রীতি ও শুভেচ্ছা–ঈদ মোবারক।

# কী ব্যাপার? বাতাসে একটু অক্সিজেন বেড়ে গেছে!



সম্প্রতি ভারতের সংসদ নির্বাচন ২০২৪ সুসম্পন্ন হল। নির্বাচনের প্রাক্কালে এদেশের রাজনৈতিক বিশ্লেষক ও বিশেষজ্ঞরা আশঙ্কা প্রকাশ করেছিলেন যে, ২০২৪ সালের নির্বাচনের ফলাফল হবে সুদূরপ্রসারী। অনেকেই বলেছিলেন, এই নির্বাচনে মোদী যদি দুই তৃতীয়াংশ গরিষ্ঠতা নিয়ে পুনর্নির্বাচিত হতে পারেন তাহলে ভারতের গণতন্ত্র বিলুপ্ত হতে পারে। লিখেছেন **নুরুল ইসলাম...**




সম্প্রতি ভারতের সংসদ নির্বাচন ২০২৪ সুসম্পন্ন হল। নির্বাচনের প্রাক্কালে এদেশের রাজনৈতিক বিশ্লেষক ও বিশেষজ্ঞরা আশঙ্কা প্রকাশ করেছিলেন যে, ২০২৪ সালের নির্বাচনের ফলাফল হবে সুদূরপ্রসারী। অনেকেই বলেছিলেন, এই নির্বাচনে মোদী যদি দুই তৃতীয়াংশ গরিষ্ঠতা নিয়ে পুনর্নির্বাচিত হতে পারেন তাহলে ভারতের গণতন্ত্র বিলুপ্ত হতে পারে। নিরঙ্কুশ একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে। এই আশঙ্কা ও অনুমানের ভিত্তি ছিল মোদী বাবুর গত দশ বছরের শাসন কাল। বস্তুত ২০২৪ সালের নির্বাচনে ক্ষমতাসীন দল বিজেপি হিন্দুত্বের পোষ্টার বয় নামে খ্যাত একজন ব্যক্তিকে সামনে রেখে নির্বাচনী বৈতরণী পার হওয়ার সর্বাত্মক চেষ্টা করেছিল। মোদীজি হিন্দু ও মুসলিম সম্প্রদায়ের মধ্যে তীব্র মেরুকরণের সর্বোচ্চ চেষ্টা করেছিলেন। দেশের মানুষের কাছে এই নির্বাচন ছিল মোদীর নেতৃত্বের উপর গণভোট। এজন্য বলা যায়, এই নির্বাচনের মাধ্যমে দেশের মানুষ মোদীর নেতৃত্বের প্রতি সুস্পষ্ট অনাস্থা প্রকাশ করেছে। বলিষ্ঠভাবে। বস্তুত মানুষ মোদীর ক্ষমতার দম্ভকে চুরচুর করে দিয়েছে। আশা করি, এই নির্বাচনী ফলাফল তার স্বৈরাচারী আচরণে কিছুটা নিয়ন্ত্রণ আরোপ করতে সক্ষম হবে। তবে আমার বিশ্বাস, মোদীর সহজাত চরিত্র পরিবর্তন খুব সহজ হবে না। তার চরিত্রের মধ্যে সহজাত সহিংসতা আছে যা নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। তার মধ্যে সহজাত হামবড়া অহমিকা নির্মূল করা সম্ভব নয়। মুসলিম সম্প্রদায়ের প্রতি তার ঘৃণা ও অসহিষ্ণুতা কমান প্রায় অসম্ভব। তার সহজাত প্রতিহিংসাপরায়ণ আচরণ নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। সত্য বলতে কি, ২০২৪ সালের সংসদ নির্বাচনোত্তর ব্যক্তি মোদী কোটি কোটি মানুষের কৌতুহলের বস্তু।

তবে এই মুহূর্তে দেশের সবচেয়ে আলোচিত রাজনৈতিক বিশ্লেষক যোগিন্দ্র যাদব যথার্থ বলেছেন। তিনি বলেছেন, নির্বাচনের ফলাফল বের হওয়ার পর দেশের দমবন্ধকর অবস্থায় কিছুটা অক্সিজেন বেড়ে গেছে। দেশে হঠাৎ করে একটু মুক্ত পরিবেশ সৃষ্টি হয়েছে। এদেশের মুসলিম সম্প্রদায় একটু রিলিফ অনুভব করতে শুরু করেছে। এই পরিস্থিতি কতটা স্থিতিশীল হবে তা নিশ্চিত করে বলা সম্ভব নয়। আগামী তিন মাস খুব ক্রুশিয়াল। কারণ নাইডু ও নিতিশ বাবুদের সঙ্গে তার সম্পর্কের রসায়ন এই সময়ের মধ্যে স্থিত হবে। আমার বিশ্বাস, মোদীজি কারো শাসন মানতে পারবেন না। তিনি এই শৃঙ্খল ভাঙ্গার সর্বাত্মক চেষ্টা করবেন। এক্ষেত্রে বিজেপি দলের হাতে অঢেল অবৈধ সম্পদ আছে। এই বিপুল অর্থ গেম চেঞ্জার হতে পারে। এদেশে এম পি ও এম এল এ কেনাবেচা অস্বাভাবিক কিছু নয়। বরং খুব স্বাভাবিক।

সত্য বলতে কি, ভারতে গণতন্ত্রের ভিত কতটা শক্তিশালী তা আবার প্রমাণিত হল ২০২৪ সালের সংসদ নির্বাচনে। অতীতে এদেশের গণতন্ত্রকে যারা দুর্বল করতে সচেষ্ট হয়েছে তারা নিজেরাই দুর্বল হয়ে পড়েছে। স্মরণীয়, বিজেপি নেতা ও দেশের প্রধানমন্ত্রী হিসেবে মোদী গত দুই দশকের অধিক কাল ধরে ভারতের গণতন্ত্রকে দুর্বল করার জন্য সর্বাত্মক চেষ্টা করে চলেছেন। তা সত্বেও, তিনি সফল হতে পারলেন না। তার বিরুদ্ধে দেশের মানুষের অভিযোগের দীর্ঘ তালিকা আছে।

1. মোদী বাবুর উত্থান মুসলিম বিরোধী রাজনৈতিক নেতা হিসেবে। তিনি হিন্দু ও মুসলিম সম্প্রদায়ের মধ্যে সর্বোচ্চ মেরুকরণ করার চেষ্টা করেছেন। গত দশ বছরে তিনি মুসলিম সম্প্রদায়ের রাজনৈতিক অস্তিত্বকে প্রায় অপ্রাসঙ্গিক করতে সক্ষম হয়েছেন।
2. তিনি তার বিরোধী রাজনৈতিক দলের অস্তিত্ব বিলুপ্ত করতে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। বিশেষ করে কংগ্রেসের অস্তিত্ব মুছে দিতে আপ্রাণ চেষ্টা করে চলেছেন। তার রাজনৈতিক শিষ্টাচার একজন প্রধানমন্ত্রীর গরিমাকে ধুলিসাৎ করেছে।
3. তিনি গত দশ বছরে কত রাজনৈতিক দল ভেঙ্গেছেন! বিভিন্ন দলের নির্বাচিত প্রতিনিধিদের ক্রয় করে একাধিক রাজ্য সরকারের তিনি পতন ঘটিয়েছেন। তার শাসনকালে এই সব অপরাধ প্রায় স্বাভাবিক হয়ে গেছে।
4. দেশের প্রধানমন্ত্রী হয়েও তিনি যে ভাষায় মুসলিম সম্প্রদায়কে আক্রমণ করেছেন তা অভূতপূর্ব। তার নির্লজ্জ মুসলিম বিরোধী আক্রমণ একজন সাধারণ ভি এইচ পি ও আর এস এস কর্মীকেও লজ্জা দিবে।
5. তিনি এতটাই কর্তৃত্ববাদী যে তিনি নিজের দলের বরিষ্ঠ নেতাকর্মীদের মধ্যে যাদেরকে মনে করেছেন তার কর্তৃত্ব প্রতিষ্ঠার পথে বাধা হতে পারে তিনি তাদের নির্বিচারে ও নির্দ্বিধায় দূর করে দিয়েছেন।
6. তিনি দেশের নির্বাচন কমিশনকে নিজের অনুগত ও অকার্যকর করার জন্য সুপ্রিম কোর্টের সুপারিশ অগ্রাহ্য করে নিজের মন মতো সদস্য দিয়ে নির্বাচন কমিশন গঠন করেছেন।
7. নির্বাচনে ইভিএম পদ্ধতি পরিবর্তন করতে তিনি কোন মতেই রাজি হননি। এমনকি সকল বিরোধী রাজনৈতিক দলের আবেদন তিনি প্রত্যাখ্যান করেছেন। উদ্দেশ্য খুব স্পষ্ট।
৪. তিনি নিজেকে হিন্দু সম্রাট ভাবতে শুরু করেছিলেন। তিনি অনেক সময় অকপটে তা ব্যক্ত করেছেন। তিনি বলেছেন, তার নেতৃত্বে বিজেপির শাসনকাল হিন্দু পাদশাহীর সূচনা কাল। তার শাসনের পূর্বে এদেশ পরাধীন ছিল।
9. স্বাধীন ভারতে এত মুসলিম বিরোধী রাজনৈতিক নেতা ও প্রধানমন্ত্রী কখনো হয়নি। গত দশ বছরে তিনি কুড়ি পঁচিশ কোটি ভারতীয় মুসলিম সম্প্রদায়ের মধ্যে ত্রাস সৃষ্টি করতে সক্ষম হয়েছেন। দেশের রাজনৈতিক দৃশ্যপটে এই বৈপ্লবিক পরিবর্তনে মুসলিম সম্প্রদায়ের তেমন কোন উল্লেখযোগ্য ভূমিকা নেই। আমার মনে হয়, এই পরিবর্তন ঐশ্বরিক।

# মনের পশু, সামাজিকতা ও কুরবানির ঈদ



পাভেল আখতার

দোরগোড়ায় আসন্ন ঈদ-উল-আযহা। অনেকেই ‘কুরবানীর ঈদ’ বলে থাকেন। ‘কুরবানী’ মানে ত্যাগ। আর, ‘ঈদ’ শব্দটির অর্থ আনন্দ। অর্থাৎ, কুরবানীর মাধ্যমে আনন্দের অভিজ্ঞানটিকে খুঁজে নেওয়া। অনেকেই এ নিয়ে অনেক কথা বলেন ও লেখেন। অধিকাংশই ‘আপন মনের মাধুরী’ মেশানো বলা বা লেখা। একটি শব্দের অর্থগত দুটি দিক থাকে--সাধারণ ও বিশেষ। যখন ‘কুরবানী’ শব্দটির সাধারণ অর্থ দেখা হবে তখন তা শুধুই ‘ত্যাগ’ অথবা ‘চূড়ান্ত ত্যাগ’। কিন্তু, ঈদ-উল-আযহা’র পরিপ্রেক্ষিতে যখন শব্দটিকে দেখা হবে তখন তার ‘বিশেষ অর্থ’ গ্রহণ করতে হবে। এবং, সেক্ষেত্রে প্রতিষ্ঠিত, বহমান মূল ভাষ্যটি বিস্মৃত হওয়া ও এলোমেলো ব্যাখ্যা বাঞ্ছনীয় নয়। ‘বিশেষ অর্থ’টি কী? আল্লাহকে ‘একমাত্র প্রিয়’ করার অভিপ্রায়ে পার্থিব যা কিছু একজন ‘মুসলিম’-এর কাছে সবচেয়ে প্রিয়, প্রয়োজনে তা-ও ত্যাগ করা।

বস্তুত, প্রভুকে প্রিয়তর করে তোলার এই ‘অপার্থিব চিন্তা’টি যুগ যুগ ধরে অনেকেরই মানসলোকে ঢেউ তুলেছে। হয়তো অন্য আঙ্গিকে। সেটা তেমন কিছু নয়। রবীন্দ্রনাথের অনেক গানেও তার স্বাক্ষর আছে। একটি গান উল্লেখ করি, যেখানে কবির ‘আক্ষেপ’ ফুটে উঠছে--’আমার যা আছে আমি সকল দিতে পারিনি তোমারে নাথ!’ অতএব, ‘সকল’ দেওয়ার আকুতিটা পরম সত্য। এই গানের শেষে কবি লিখছেন--’আমার জগতের সব তোমারে দেব, দিয়ে তোমায় নেব বাসনা!’ আমাদের কান্তকবি রজনীকান্ত সেনও জীবনভর সেই ‘তিনি’ ছাড়া আর কিছু ভাবতে পারেননি। সমস্ত তুচ্ছ আত্মতা তিনি মিশিয়েছিলেন ‘তাঁরই’ সঙ্গে। এই একান্ত মনোবাঞ্ছার চারাটি আপন হৃদয়ে কেন অঙ্কুরিত হয়ে ওঠে এবং তার পার্থিব ব্যঞ্জনাটিও ঠিক কি তা ‘সকলের’ বোধগম্য হয়ে ওঠে না।

দেখা যাচ্ছে, কুরবানীর কথা বলতে বা লিখতে গিয়ে কেউ কেউ মানবসত্তার গহীনে পাশবিক প্রবৃত্তির প্রসঙ্গ উল্লেখ করেন। ভুল ব্যাখ্যা। ইসলামের পরিপ্রেক্ষিতে প্রবৃত্তিকে নিয়ন্ত্রণের ( লোভ, কাম, ক্রোধ, অসহিষ্ণুতা, মিথ্যার আশ্রয়, ভোগবাদিতা, পীড়ন ইত্যাদি ) প্রসঙ্গ যদি উত্থাপন করতে হয় তাহলে তার সম্পর্ক আছে রমজানের রোজার সঙ্গে, কুরবানীর সঙ্গে নয়। বস্তুত, এমনই আরও যেসব কথা বলা হয়, সেসব কথার মধ্যে আপাতভাবে বেশ একটা ‘চাকচিক্য’ আছে। কথাগুলো হয়তো আপাতভাবে ‘ইতিবাচক’, কিন্তু যখন একটি সুনির্দিষ্ট বিষয় সম্পর্কে কথা বলা হবে তখন ‘বিষয়ানুগ’ কথা বলাই জগতের রীতি। এবং, তার মধ্যেই নিহিত ‘ইতিবাচকতার’ অন্বেষণ অভিপ্রেত। বলাই বাহুল্য, ইতিবাচকতার ছদ্মবেশে প্রবাহিত কথাগুলো আসলে ‘কুরবানী’-কে সূক্ষ্মভাবে ‘অন্য ভাষ্য’ দেওয়ার চেষ্টা। মূল ভাষ্য থেকে সরিয়ে বিষয়টিকে ‘অন্য দিগন্তে’ উদ্ভাসিত করে তোলার মধ্যে একটা ‘বৌদ্ধিক চাতুর্য’ আছে!

অন্যদিকে ঈদ-উল-আযহা বা কুরবানীর ঈদ এলেই যারা ‘দুরন্ত পশুপ্রেমে’ অনবরত চোখের জল ফেলেন তারা কি তবে এই বেলা শুধু শাকপাতা খাওয়া শুরু করবেন? অবশ্য উদ্ভিদেরও যে প্রাণ আছে তাহলে সেই ব্যাপারটার কী হবে সেটাও চিন্তার বিষয়!

আরেকটি কথা। ‘পশুহত্যা’ যদি নিষ্ঠুরতাই হয় তাহলে তা কেবল কুরবানীর ঈদের একটি দিনেই সীমাবদ্ধ থাকতে পারে কি? সমস্ত কসাইখানাগুলো তাহলে তো এখনই বন্ধ করে দেওয়া উচিত। প্রতিদিন বাজারে, অজস্র মাংসের বিপণীতে এত যে ভিড় দেখা যায়, তো ‘পশুহত্যা’ নামক নিষ্ঠুরতা কি তখন সংঘটিত হয় না? আরও তিনটি প্রশ্ন। ‘পশুহত্যা’ সম্পূর্ণরূপে বন্ধ হলে বর্তমান ও ভবিষ্যতের অগণিত পশুর তাহলে কী হবে? দুই, ‘মাংসরপ্তানি’ নামক লাভজনক বাণিজ্যের কী হবে? এবং, সবাই খালি পায়ে হাঁটা শুরু করবেন তো? পশুর রক্ত যে অর্থনীতিকেও রাঙায় সে ভাবনা কোন চুলোয় রেখে এলেন আমাদের এইসব ‘আত্মগর্বিত ধীমানরা’?

পরিশেষে একটি অপ্রিয় সত্য। কুরবানী ইসলাম ধর্ম অনুসারে ফরজ বা অবশ্য পালনীয় ইবাদত বা উপাসনা নয় ; নামায, যাকাত, রোযা যেমন ফরজ বা অবশ্য পালনীয়। কুরবানী ঐচ্ছিক বা অতিরিক্ত একটি ইবাদত, যা পালন করলে ভাল, না পালন করতে পারলে দোষের নয়। প্রায় এমন কোনও মুসলিম পরিবার নেই, যেখানে কুরবানী হয় না। আর্থিক সামর্থ্য থাকলে কেউ গোটা একটা পশু কুরবানী দেয়, অন্যথায় কয়েকজন মিলে। অর্থাৎ, এভাবে কুরবানী প্রায় ফরজ বা অবশ্য পালনীয় একটি ইবাদতে পরিণত হয়েছে। বরং বলা ভাল, একটি সুদর্শন লোকাচারে রূপান্তরিত হয়েছে। এর মনস্তাত্ত্বিক কারণ বিশ্লেষণ করলে এককথায় যা দাঁড়ায় তা হ’ল, সামাজিকতার দায় মেটানো। সবচেয়ে বিস্ময়কর ঘটনা হ’ল, কুরবানীকে কেন্দ্র করে নিদারুণ প্রদর্শনপটুতা আবর্তিত হওয়া। মোটকথা, দৃশ্যমান গড় বাস্তবতায় ‘কুরবানীর অন্তরাত্মা’ অদৃশ্য হয়েছে !

# তাওহিদি চেতনায় উজ্জীবিত হওয়ার ক্ষণ ঈদুল আযহা

মহবুবুর রহমান



লা-ইলাহা ইল্লাহ। আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই। এটা তাওহীদের ঘোষণা। ইসলামের কালেমার অংশ। অতএব মুমিনের ঈমান ও চেতনারও অংশ। যিলহজ্ব মাস এই ঈমানী চেতনায় নতুন মাত্রা যোগ করে। এই মাসে হজ্ব ও কুরবানীর বিধান এসেছে। হজ্বের স্থানগুলোতে ধ্বনিত হয় -লাববাইক আল্লাহুম্মা লাববাইক, লাববাইক লা শারীকা লাকা লাববাইক ইন্নাল হামদা ওয়ান নি’মাতা লাকা ওয়াল মুলক, লা শারীকা লাক।

হাজির, ইয়া অল্লাহ! আমি হাজির। তোমার কোনো শরীক নেই, আমি হাজির। সকল প্রশংসা ও দান তোমারই, রাজত্বও তোমারই। তোমার কোনো শরীক নেই।

তাওহীদ ও আনুগত্যের গভীর ভাব বহনকারী এই বাক্যগুলোই কা’বার যিয়ারতে গমনকারীদের বিশেষ তারানা, বিশেষ সুরধ্বনি।

কুরবানীর সময় নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দুআ পাঠ করতেন তা-ও ভাব ও ব্যঞ্জনায় অভিন্ন। লা-শরীক আল্লাহর আনুগত্য ও তাঁর আদেশের সামনে পূর্ণ সমর্পণই ওই দুআর অভিব্যক্তি। ওই দুআ থেকেই কুরবানীর তাৎপর্য ও অন্তর্নিহিত প্রেরণা প্রকাশিত হয়। সুনানে আবু দাউদ, মুসনাদে আহমদ সহ বিভিন্ন হাদীসের কিতাবে হযরত জাবির রা. থেকে তা বর্ণিত হয়েছে।

সামর্থ্যবান নারী-পুরুষের উপর কুরবানী ওয়াজিব করা হয়েছে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও প্রতি বছর কুরবানী করেছেন এবং অন্যদেরও কুরবানীর আদেশ দিয়েছেন। এক হাদীসে এসেছে, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ‘সামর্থ্য থাকা সত্ত্বেও যে কুরবানী করে না সে যেন আমাদের ঈদগাহের কাছেও না আসে।’ জগৎবাসীর জন্য করুণার আঁধার সাঃ এই কঠিন বাক্যটিই তাদের উদ্দেশ্যে উচ্চারণ করেছেন।

৯ যিলহজ্ব থেকে তাকবীরে তাশরীকের বিধান এসেছে। ৯ যিলহজ্ব ফজর থেকে ১৩ যিলহজ্ব আসর পর্যন্ত প্রত্যেক ফরয নামাযের পর একবার তাকবীরে তাশরীক (পূর্বোক্ত তাকবীর)পাঠ করা ওয়াজিব। নারী-পুরুষ সবাই ফরজ নামায শেষে পাঠ করবেন।

পবিত্র ঈদুল আযহা আমাদের জন্য লা-শরীক আল্লাহর আনুগত্যে সমর্পিত হওয়ার বারতা নিয়ে আসে। আমরা যেন প্রতীকি পশু কোরবানির মাধ্যমে নিজের ভিতরকার পশুত্বকে বিলীন করি। মন হৃদয়ের কুপ্রবৃত্তি যেমন হিংসা, নিন্দা,ঘৃণা, ক্ষোভ,লোভ,লালসা, পরশ্রীকাতরতা, অন্যায়, অবিচার,দমন, পীড়ন,শোষন আদি নিকেশ করি ।নিজেকে পরিশুদ্ধ করি।

ঈদ হয়ে উঠুক বিশ্বজনীন সম্প্রীতি, ঐক্য সহানুভূতির এক অনুসঙ্গ। ঈদ বয়ে আনুক শান্তি ও ভ্রাতৃত্বের তরঙ্গ।ঈদ হোক বিশ্বমানবতার মুক্তির আঁধার। ঈদ নাশুক সমূহ পাশবিকতা, হত্যা ও অত্যাচার। ঈদ হোক অহিংসার দ্যূতক। ঈদ হোক অন্যায়ের প্রতিবাদে উদ্দীপক।

ঈদ উপলক্ষে পরম স্রষ্টার অনাবিল করুণা ধারায় বন্ধ হোক ফিলিস্তিনি শিশুদের গগণভেদী আর্তচিৎকার। ধ্বংস হোক সমূহ নরপিশাচ ও তাদের সমূহ অমানবিক নরসংহার। বিশ্ব বিবেক জাগ্রত হোক। শান্তির বারিধারা ছড়িয়ে পড়ুক বিশ্বময়। তাক্বাব্বালাল্লাহু মিন্না ও মিনকুম। ঈদুকুম সায়ীদ।

সামর্থ্যবান নারী-পুরুষের উপর কুরবানী ওয়াজিব করা হয়েছে। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও প্রতি বছর কুরবানী করেছেন এবং অন্যদেরও কুরবানীর আদেশ দিয়েছেন। এক হাদীসে এসেছে, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ‘সামর্থ্য থাকা সত্ত্বেও যে কুরবানী করে না সে যেন আমাদের ঈদগাহের কাছেও না আসে।’ জগৎবাসীর জন্য করুণার আঁধার সাঃ এই কঠিন বাক্যটিই তাদের উদ্দেশ্যে উচ্চারণ করেছেন।

প্রথম নজর

# প্রবল বর্ষণে ধসের ফলে বন্ধ বাংলা-সিকিম যোগাযোগকারী সড়ক



**নিজস্ব প্রতিবেদক ● শিলিগুড়ি**

**আপনজন:** বন্ধ হয়ে গেল বাংলা সিকিম যোগাযোগকারী ১০ নম্বর জাতীয় সড়ক। তিস্তা বাজার যাওয়ার আগে লিউকোভিড় এবং একই সঙ্গে তিস্তার বাজার এর পরে ভালুখোলায় ধস নামায়, দুই জায়গায়তেই সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যায় ১০ নম্বর জাতীয় সড়ক। সিকিমগামী সমস্ত গাড়িগুলোকে ঘুরিয়ে লাভা, কালিংপং, মন সুন হয়ে সিকিমে পাঠানো হচ্ছে। শনিবার রাত থেকেই প্রবল বৃষ্টি শুরু হয়েছে। তিস্তার জল বাড়লেও তিস্তা বাজারে সেই পরিমাণে জল বাড়েনি বলে জানা গেছে।এদিকে,জলপাইগুড়িতে টানা বৃষ্টি শুরু হয়েছে।

শনিবার গভীর রাতে কচ্ছপ উদ্ধার হয়। জলপাইগুড়ি পান্ডাপাড়া জগন্নাথ কলোনী এলাকার বাসিন্দা রবি হাজরা রাস্তায় হাঁটতে গিয়ে একটি কচ্ছপ দেখতে পান। কচ্ছপটিকে উদ্ধার করে বাড়িতে রেখে খবর দেন পরিবেশ প্রেমী স্বেচ্ছাসেবী সংস্থা গ্রীন জলপাইগুড়িকে।খবর পেয়ে কচ্ছপটিকে উদ্ধার করতে ছুটে যান গ্রীন জলপাইগুড়ি স্বেচ্ছাসেবী সংস্থার সম্পাদক অংকুর দাস ও দফতর সম্পাদক সৌরভ পাল। গ্রীন জলপাইগুড়ি স্বেচ্ছাসেবী সংস্থার সম্পাদক অংকুর দাস জানান,আমরা কচ্ছপটিকে আপাততো আমাদের হেফাজতে রাখছি। রবিবার জলপাইগুড়ি বনদফতরের হাতে কচ্ছপটি তুলে দেওয়া হয়।

এদিকে আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, উত্তরবঙ্গে ওপরের পাঁচটি জেলা দার্জিলিং ,জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার ,কালিম্পং রবিবারও অতি ভারী বৃষ্টির সতর্কতা থাকছে। মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এসব জেলাতেও বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। গত কয়েকদিন ধরে লাগাতার বর্ষণে সিকিমে স্বাভাবিক যান চলাচল বাধা প্রাপ্ত হচ্ছে। শনিবার সকাল থেকে সিকিম ও শিলিগুড়ির মধ্যে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়। তিস্তাতে জলস্তর বৃদ্ধি না পেলেও সিকিমের একাধিক এলাকায় প্রবল বর্ষণে ধ্বস নামতে শুরু করেছে।

# থ্যালাসেমিয়া নিয়ন্ত্রণ, সচেতনতা, বিনামূল্যে চিকিৎসা কর্মশালা



**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**

**আপনজন:** দ্যা ইন্টারন্যাশনাল মিশন ফর সোস্যাল ওয়েলফেয়ার অ্যান্ড চ্যারিটি (ইম) এর উদ্যোগে ১০ই জুন, ২০২৪ পাঞ্জাব রাজ্যের অন্তর্গত মগা জেলার অধীন রাউলী, মাতোয়ানী এবং বিসানপুরা গ্রামে থ্যালাসেমিয়া নিয়ন্ত্রণ, গর্ভবতী মা এবং পিতা-মাতা থেকে শিশুদের মধ্যে থ্যালাসেমিয়া সংক্রমণ প্রতিরোধ, স্বাস্থ্য পরীক্ষা কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ৭৯৩ জন মা, শিশু অংশ নেয়। ১১ই জুন, ২০২৪ তেলেঙ্গানা রাজ্যের অধীন কামারেড্ডী জেলার অন্তর্গত লিংঙ্গাপুর, দেভানপল্লী এবং বীচকুন্ডা গ্রামে থ্যালাসেমিয়া সচেতনতা, থ্যালাসেমিয়া বাহক নির্ণয় পদ্ধতিকে অনুসরণ করে ও দুজন বাহকের বিবাহ বন্ধ করার মাধ্যমে থ্যালাসেমিয়া মুক্ত সুনিশ্চিতকরণ, বিনামূল্যে রক্ত পরীক্ষা কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ৬৭৪ জন থ্যালাসেমিয়া আক্রান্ত মা, কিশোর-কিশোরী অংশ নেয়। ১২ই জুন, ২০২৪ পশ্চিমবঙ্গ রাজ্যের অন্তর্গত পূর্ব মেদিনীপুর জেলার অধীন প্রতাপপুর, কুলবেড়িয়া এবং ফুলেশ্বর দিগম্বরী উচ্চ বিদ্যালয়ে ৪৪ তম বর্ষ জাতীয় ও আন্তর্জাতিক স্তরে থ্যালাসেমিয়া শণাক্তকরণ, বিনামূল্যে চিকিৎসা, বিবাহের সন্ধিক্ষণে, বিবাহ পরবর্তী সন্তানধারণের পর্বে এবং ছাত্রাবস্থায় থ্যালাসেমিয়া পরীক্ষা সুনিশ্চিত করা কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ৮২৭ জন থ্যালাসেমিয়া আক্রান্ত মা, শিশু অংশ নেয়। কর্মশালায় মিশনের সভাপতি মলি বাগচী বলেন যে, মানব শরীরের লক্ষ লক্ষ কোষের প্রতিটি কোষেই নানা ধরণের জিন থাকে। প্রত্যেক ধরণের জিন আবার জোড়ায় জোড়ায় থাকে। যার একটি পিতা ও অপরটি মাতা থেকে আসে। মানুষের রক্তের হিমোগ্লোবিন তৈরীতে ঐ নানা ধরণের জিনের মধ্যে এক ধরণের এক জোড়া জিন প্রধান ভূমিকা পালন করে থাকে। হিমোগ্লোবিন তৈরীতে যে জিন জোড়া অংশগ্রহণ করে, তার একটি স্বাভাবিক এবং অপরটি ত্রুটিপূর্ণ হলে ঐ ব্যক্তিকে থ্যালাসেমিযায়া বাহক বলা হয়ে থাকে। অপরপক্ষে জিন দুটির দুটিই ত্রুটিপূর্ণ হলে ঐ ব্যক্তিকে থ্যালাসেমিয়া রোগী বলা হয়।

থ্যালাসেমিয়া বাহকের মধ্যে বিবাহ না হলেই পরবর্তী প্রজন্মকে থ্যালাসেমিয়া মুক্ত সুনিশ্চিত করার পরামর্শ দেন। কর্মশালায় উপস্থিত ছিলেন মিশনের মহাসচিব তথা ভারতীয় গোয়েন্দা এবং তদন্ত সংস্থার (আই.ডি.আই.ও) মুখ্য সচিব শ্রী দেবাশীষ ঘোষ, মিশনের সভাপতি মলি বাগ্চী, শ্রী সুদীপ্ত বিশ্বাস-জেলা সমাজকল্যাণ আধিকারিক, জেলাঃ পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ সরকার, শ্রী সৌভিক চট্টোপাধ্যায়- অতিরিক্ত জেলাশাসক (সাধারণ), জেলাঃ পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ সরকার, ডাঃ বিভাষ রায়- মুখ্য স্বাস্থ্য আধিকারিক, জেলাঃ পূর্ব মেদিনীপর, পশ্চিমবঙ্গ সরকার, ডাঃ পার্থ চক্রবর্তী, ডাঃ সুব্রত পাল, শ্রী রাজীব মণ্ডল-ভেষজ রসায়ণবিদ, শ্রীমতী রত্না লাহা-ধাত্রী, শ্রীমৎ স্বামী আত্মস্থানানন্দ মহারাজ, শ্রীমৎ স্বামী শুভংকরানন্দ মহারাজ এবং শ্রীমৎ স্বামী প্রিয়াব্রতানানন্দ মহারাজ প্রমুখ।

# পানিহাটি পুরসভার বেহাল দশা কাটাতে বৈঠক ফিরহাদের

**নিজস্ব প্রতিবেদক ● পানিহাটি**



**আপনজন:** উত্তর ২৪ পরগনা জেলার পানিহাটি পুরসভার বেহাল দশা কাটাতে শনিবার বিকেলে পুরসভায় রুদ্ধদ্বার বৈঠক করেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। উক্ত বৈঠকে এদিন হাজির ছিলেন সাংসদ সৌগত রায়, পানিহাটির বিধায়ক নির্মল ঘোষ, মহকুমা শাসক সৌরভ বারিক, পুরপ্রধান মলয় রায়-সহ সমস্ত কাউন্সিলর ও অধিকারিকগণ।

নানাবিধ সমস্যা নিয়ে এদিন বৈঠক করেন পুরমন্ত্রী। বৈঠক শেষে পুরমন্ত্রী বলেন, পানিহাটির ময়লা আবর্জনা কলকাতা কার্পোরেশন সংগ্রহ করে ধাবার মাঠে ফেলছে। সলিড ওয়েস্ট ম্যানেজমেন্টের প্রকল্পের কাজ শুরু না হওয়া পর্যন্ত এভাবেই জঞ্জাল অপসারণ করা হবে। কে এম ডি এ-র উদ্যগে রাস্তাঘাট মেরামতি করা হবে। জমাজল আপাতত পাম্প বসিয়ে নিষ্কাশন করা হবে, যতদিন না পর্যন্ত পাম্পিং হাউস তৈরি হচ্ছে। নতুন জল প্রকল্পের কাজ চলছে।

পানীয় জলের সমস্যা মেটাতে ডিপ টিউবওয়েল বসানো হবে। পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে পুরসভাকে তিন কোটি টাকা বরাদ্দ করা হবে। প্রসঙ্গত, ছয় মাস ধরে পুরসভায় বোর্ড মিটিং হচ্ছে না। এপ্রসঙ্গে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, পরবর্তী সপ্তাহে বোর্ড মিটিং হবে। বোর্ড মিটিং না করলে পুরসভা ভেঙে যায়। কিন্তু তিনি সেটা কখনই চান না। পুরসভার যে অচলাবস্থা তৈরি হয়েছে তা অতি দ্রুত কেটে যাবে বলে মনে করছেন ফিরহাদ হাকিম।

এদিকে,নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তা তৈরির অভিযোগ,প্রতিবাদ করতে গেলে কাউন্সিলরের স্বামী হুমকির দেয় বলে অভিযোগ। নিম্নমানের সামগ্রী দিয়ে তৈরি হচ্ছে রাস্তা, এমনই অভিযোগ এনে প্রতিবাদ করতে গেলে কাউন্সিলরের স্বামীর হুমকির মুখে পড়তে হয় বলে অভিযোগ এলাকাবাসীদের। ঘটনাটি বনগাঁ পুরসভার জয়পুর ২ নম্বর ওয়ার্ডের ঘটনা। দিন কয়েক আগে থেকে ওই এলাকায় সিমেন্টের ঢালাই রাস্তা ও নিকাশী নালা কাজ শুরু হয়েছে।

প্রায় ১ কিলোমিটার এই রাস্তা নিম্নমানের সামগ্রী দিয়ে তৈরি হচ্ছে বলে অভিযোগ এলাকাবাসীদের। রাস্তা তৈরীর পর তা ভেঙে যাচ্ছে বলে অভিযোগ করেন তারা। এলাকাবাসীরা প্রতিবাদ জানিয়ে রাস্তার কাজ বন্ধ করে দেয়। রাস্তার কাজ বন্ধ করাতে স্থানীয় কাউন্সিলর শিখা ঘোষের স্বামী উত্তম ঘোষ এলাকায় হুমকি দেয় বলে অভিযোগ। একে কেন্দ্র করে ওই এলাকায় উত্তেজনা দেখা দেয়।

# পাওনা টাকা চাওয়ায় বেদম মারধর, জখম যুবক



**সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং**

**আপনজন:** পাওনা টাকা চাইতেই এক যুবক কে বেধড়ক মারধর করার অভিযোগ উঠলো প্রতিবেশি এক যুবকের বিরুদ্ধে। ঘটনায় গুরুতর জখম হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন সামসুল মন্ডল নামে ওই যুবক।স্থানীয় সুত্রে জানা গিয়েছে ক্যানিং থানার অন্তর্গত নিকারীঘাটা পঞ্চায়েতের পাঙ্গাশখালি গ্রামের বাসিন্দা সামসুল মন্ডল। পেশায় রাজমিস্ত্রী।প্রতিবেশী মনিরুল শেখের কাছে কাজ করেছিলেন। পাওনা ছিল প্রায় ৬ হাজার টাকা।অভিযোগ দীর্ঘদিন যাবত সেই টাকা পাচ্ছিলেন না।শুক্রবার সন্ধ্যায় পাওনা টাকা চাইতে গিয়েছিলেন মনিরুলের কাছে। অভিযোগ পাওনা টাকা চাইতেই তাকে লাঠি রড দিয়ে বেধড়ক মারধর করে মনিরুল শেখ। ঘটনায় রক্তাক্ত অবস্থায় গুরুতর জখম হয় সামসুল। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে। চিকিৎসার জন্য রাতেই তাকে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে যায়। বর্তমানে সেখানেই চিকিৎসাধীন রয়েছেন ওই যুবক। ঘটনা প্রসঙ্গে ওই যুবকের পরিবার ক্যানিং থানায় অভিযোগ দায়ের করেছেন। তদন্ত শুরু করেছে পুলিশ।

# বোলপুরে তৃণমূলের অভিনন্দন মিছিল

**আমীরুল ইসলাম ● বোলপুর**




**আপনজন:** বোলপুর লোকসভা নির্বাচনে প্রার্থী অসিত মাল বিপুল ভোটে জয়লাভ করেছেন। তাই আজ বোলপুর শহরে বোলপুরবাসীকে অভিনন্দন জানানোর জন্য বোলপুর শহর তৃণমূল কংগ্রেসের পক্ষ হইতে বিশাল অভিনন্দন মিছিল আয়োজন করা হয়েছিল এই মিছিলে বোলপুর পৌরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও বাইশটা ওয়ার্ডের ওয়ার্ড কাউন্সিলর সহ তৃণমূল সমর্থকেরা এই মিছিলে পা মেলালেন। মিছিলটি শুরু হয় বোলপুর রেল ময়দান হইতে চিত্রা মোড়, কলেজ, বোলপুর হাই স্কুল হয়ে ফের বোলপুর চৌরাস্তা এসে বোলপুর রেল ময়দানে শেষ হয়।

# তৃণমূলের রক্তদান শিবির



**রাকিবুল ইসলাম ● নওদা**

**আপনজন:** মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে রক্তের ঘাটতি মেটাতে মুর্শিদাবাদের নওদা ব্লক তৃণমূল সভাপতি শফিউজ্জামান শেখের উদ্যোগে রক্তদান শিবির অনুষ্ঠান অনুষ্ঠিত হল শনিবার নওদা থানার নওদা হাজী সৈয়দ পিটিটি আই কলেজ প্রাঙ্গণে। এদিন এই রক্তদান শিবিরে প্রায় ২০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন সাংসদ আবু তাহের খান, নওদা পঞ্চায়েত সমিতির সভাপতি শহিদুল ইসলাম মন্ডল, ১০ পঞ্চায়েতের প্রধান ও অঞ্চল তৃণমূল সভাপতিরা।




# নেতৃত্ব যোগাযোগ না রাখায় বিজেপি সদস্য যোগ দিলেন তৃণমূলে



**সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ ● বীরভূম:**

**আপনজন:** শাসক দলের বিরুদ্ধে পঞ্চায়েত ভোটে লড়াই করে বিজেপির টিকিটে জয়লাভ করেও শেষ পর্যন্ত দলে টিকলো না।পদ্মফুল ছেড়ে ঘাসফুল শিবিরে যোগদান করে।সদ্য বিজেপি ত্যাগ করে আসা তামাল লেট এর অভিযোগ যে,পঞ্চায়েত ভোটে জেতার পর থেকেই বিজেপির নেতা কর্মীরা আর কোন রকম যোগাযোগ রাখছিলেন না। রবিবার রামপুরহাট তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলন করে একথা জানালেন রাজ্যের ডেপুটি স্পীকার ডঃ আশিস বন্দ্যোপাধ্যায়। তিনি জানান, রামপুরহাট এক নম্বর ব্লকের বড়শাল গ্রাম পঞ্চায়েতের দেখুড়িয়া ১৫৬নং সংসদের বিজেপি সদস্য তামাল লেট মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নে সামিল হতেই বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন। তার যোগদান পত্র অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাছে পাঠিয়ে দেওয়া হবে। এদিন আশিস বন্দ্যোপাধ্যায়ের হাত দিয়ে তৃণমূল কংগ্রেসের দলীয় পতাকা হাতে তুলে যোগদান পর্ব সারেন বিজেপির পঞ্চায়েত সদস্য তামাল লেট।যোগদান পর্ব অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রামপুরহাট ১নং ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি নীহার মুখার্জি সহ অন্যান্য তৃনমূল কংগ্রেস নেতৃত্ব।উল্লেখ্য লোকসভা নির্বাচনে রাজ্যের পাশাপাশি জেলার দুটি আসনের ফলাফল দেখার পর সিউড়ীর কড়িধ্যা গ্রাম পঞ্চায়েতের বিজেপির টিকিটে নির্বাচিত উপপ্রধান সহ এক সদস্য তৃনমূল কংগ্রেসে যোগদান করে বলে জানা যায়।

ছড়িয়ে-ছিটিয়ে

# সুন্দরবনের ক্ষতিগ্রস্তদের সামগ্রী বিতরণ



**আসিফা লস্কর ● রায়দিঘি**

**আপনজন:** দক্ষিণ চব্বিশ পরগনা জেলার সুন্দরবনের প্রত্যন্ত এলাকা পাথরপ্রতিমা রায়দিঘি কাকদ্বীপ নামখানা সাগর ক্যানিং বাসন্তী গোসাবা এলাকায় সমুদ্র উপকূলবর্তী এলাকার প্রচুর মানুষ ক্ষতিগ্রস্ত হয় রেমাল নামক প্রাকৃতিক বিপর্যয়।

আজ তাদের কথা চিন্তা করি পাথরপ্রতিমা, রায়দীঘিতে আজ সকালে লালপুর মাদ্রাসার উদ্যোগে, মিসবাউল উলম এন্ড ওয়েলফেয়ার ট্রাস্ট ইউ কে কেরাভেন ও মারসি নামক স্বেচ্ছাসেবী সংস্থার আর্থিক সহায়তায়, প্রায় দুই হাজার পরিবারকে চাল ডাল এবং রান্নার বিভিন্ন সামগ্রী, ও বাড়ি বাড়ি গিয়ে ক্ষতিগ্রস্ত ঘরে ত্রিপল তুলে দেন লালপুর মাদ্রাসার সম্পাদক হাফিজুল পিয়াদা।

এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী কালিপদ দাস, সেখ মইনুদ্দিন প্রমুখ।

# পশ্চিমবঙ্গ সাহিত্য মঞ্চের সম্মান প্রদান

**নিজস্ব প্রতিবেদক ● বাগনান**



**আপনজন:** বঙ্গীয় পাঠাগার সংগঠনের অন্যতম সদস্য তথা 'হাতে খড়ি'পত্রিকা'র সম্পাদক পূর্ণ চন্দ্র সামন্ত মহাশয় কে চিত্তরঞ্জন দাশ এর প্রয়াণ দিবসে তার বাসভবনে গিয়ে কাজী নজরুল ইসলামের বই দিয়ে বিশেষ সম্মান প্রদান করলেন পশ্চিমবঙ্গ সাহিত্য মঞ্চের সম্পাদক চন্দ্রনাথ বসু। চন্দ্রনাথ বসু বলেন প্রবীন কবি দের সম্মান ও নবীন কবিদের উৎসাহ না দিতে পারলে বাংলা সাহিত্য বেঁচে থাকবে না। পূর্ণ বাবুর কাজ কে সম্মান জানাতে আমন্ত্রণ জানালাম কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠানে ২৩ শে জুন টেঁপুর নবাসন অনন্তরাম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য।

উপস্থিত ছিলেন বাগনান কলেজের প্রাক্তন ছাত্র সায়ন বেরা ও বাগনান কলেজের ছাত্রী পৌলভি মিশ্র।

হজ্ব ওমরাহ যিয়ারত

উমর ফারুক ট্রাভেলস্

নলপুর, সাঁকরাইল, হাওড়া



সকলকে জানাই আসসালামু আলাইকুম

সমস্ত প্রশংসা সমস্ত তারিফ সেই মহান আল্লাহপাক এর জন্য যিনি আমাদের সমস্ত এবাদতের মধ্যে এক বিশেষ এবাদত হজ্ব ও ওমরাহ করার জন্য সহজ সরল রাস্তা দেখিয়ে দিয়েছেন, যেই কাজে আমরা সৎ ও নিষ্ঠার সাথে আপনাদের খেদমতে বহু বছর ধরে নিয়ে জিত আছি ও দোওয়া করেন আগামীতে আরো ভালো ভাবে সেবা করতে পারি ইনশাআল্লাহ।

আমাদের পরিষেবা

প্যাকেজ

১৭ দিনের জন্য সাধারণ প্যাকেজ

■ মক্কা ও মদিনাতে কাছাকাছি থাকার ব্যবস্থা
■ বুফেতে ৩ টাইম খানা (ঘরোয়া রুচিসম্মত খানা)
■ মক্কা ও মদিনাতে সমস্ত যিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ্ঞ গাইড দ্বারা ভ্রমণের ব্যবস্থা আছে
■ ফ্লাইট যেকোনও এয়ারলাইন্স-এ হতে পারে

রমজানের স্পেশাল অফার
সীমিত সময়ের জন্য বুকিং করুন

১৭ দিনের জন্য স্পেশাল প্যাকেজ

■ মক্কাতে হোটেল এর দুরত্ব প্রায় ৩৫০ মিটার থেকে ৪০০ মিটার ■ মদিনাতে হোটেল এর দুরত্ব প্রায় ১০০ মিটার থেকে ১৫০ মিটার ■ বুফেতে ৩ টাইম খানা (ঘরোয়া রুচিসম্মত খানা) ■ মক্কা ও মদিনাতে সমস্ত যিয়ারত ও ঐতিহাসিক স্থানগুলি অভিজ্ঞ গাইড দ্বারা ভ্রমণের ব্যবস্থা আছে ■ তায়েফ যিয়ারত ■ বদর যিয়ারত ■ ওয়দিয়া জিন পাহাড় ■ বয়স্ক মানুষদের জন্য হুইলচেয়ারের সু-ব্যবস্থা আছে ■ জমজম ৫ লিটার ■ জেদ্দা ও আরব সাগর ভ্রমণ

হাদিয়া

ল্যাগেজ ব্যাগ, সাইড ব্যাগ, জুতার ব্যাগ, গাইড বই, সাতদানা তসবি, ট্রলি ব্যাগ

যোগাযোগ

কাজী ওয়াসিম আকবার 8240569012
আব্দুল ফারাদ 7003187312
সেখ সাইন রহমান 7980004507

কলকাতা শাখা অফিস: ৪৯, কুষ্টিয়া মসজিদ বাড়ি লেন, কলকাতা - ৭০০০৩৯

# ২৩ সেকেন্ডে গোল খেয়েও ইউরোতে জয়ে শুরু ইতালির



**আপনজন ডেস্ক: ইতালি ২ : ১ আলবেনিয়া**
ম্যাচ শুরুর ২৩ সেকেন্ডের মধ্যে গোল করে দিলেন আলবেনিয়ার নেদিম বাইরামি। ইউরোর ইতিহাসেই যেটি দ্রুততম গোল। তবে শুরুর এই ধাক্কাটা খুব দারুণ ভাবে সামলে নিল ইতালি। ঘুরে দাঁড়িয়ে প্রথমার্ধেই এগিয়ে গেল ২-১ গোলে। তবে বিরতির পর গোল হল না আর। ম্যাচটা ইতালি জিতল ওই ২-১ ব্যবধানেই। প্রত্যাশিত জয়ে ইউরো শুরু হলো বর্তমান চ্যাম্পিয়নদের।
ডর্টমুন্ডের ওয়েস্টফালেন স্টেডিয়ামে চারবারের বিশ্ব চ্যাম্পিয়ন ও দুইবারের ইউরো জয়ী ইতালির জয়ের ব্যবধানটা যে আরও বড় হয়নি, সেজন্য কৃতিত্ব পাবেন আলবেনিয়ার গোলরক্ষক থমাস স্ত্রাকোসা। ইংলিশ ক্লাব ব্রেন্টফোর্ডের এই গোলরক্ষক দারুন দক্ষতায় ইতালির বেশ কয়েকটি শট ঠেকিয়েছেন। ইতালি, স্পেন, ক্রোয়েশিয়া ও আলবেনিয়া কে নিয়ে গড়া ইউরোর এবারের 'বি' গ্রুপটাকে বলা হচ্ছে 'গ্রুপ অব ডেথ'। এই গ্রুপে সম্ভবত আলবেনিয়ার বিপক্ষে জয় ধরে নিয়েই বাকি সব দল হিসাব-নিকাশ করছে। কোনো দল আলবেনিয়ার কাছে হেরে গেলে বা ড্র করে পয়েন্ট হারালে বিপদে পড়বে, এটা কিছুটা অনুমান করা যায়। ম্যাচের শুরুতেই ইতালির জালে বল পাঠিয়ে আলবেনিয়া অবিশ্বাস্য কিছু করার আভাসও দিয়েছিল।
ইউরোর ইতিহাসে দ্রুততম গোলের পর আলবেনিয়ার নেদিম বাইরামি। নেদিম বাইরামি গোলটা করেছেন আসলে ইতালির ভুলের সুযোগ নিয়েই। নিজেদের সীমানায় থ্রো ইন পেয়েছিল ইতালি, ডিফেন্ডার ফেদেরিকো ডিমারকো সতীর্থ কাউকে বল দিতে গিয়ে ভজঘট পাকিয়ে ফেলেন, বল পেয়ে যান বাইরামি। তাঁর দারুন এক শট চলে যায় ইতালির জালে। ইউরোর ইতিহাসে দ্রুততম গোলের রেকর্ড এখন বাইরামির। এর আগের রেকর্ডটি ছিল রাশিয়ার দিমিত্রি কিরিচেনকোর। ২০০৪ ইউরোতে গ্রিসের বিপক্ষে তিনি গোল করেছিলেন ৬৭ সেকেন্ডে।
শুরুতে গোল খেলেও নিজেদের পরিকল্পনায় অটল থেকে এবং অভিজ্ঞতা কাজে লাগিয়ে ইতালি ম্যাচটা বের করে নিয়েছে খুব সহজেই। ১১ মিনিটে বাঁ দিক থেকে পেল্লেগ্রিনির বাড়ানো ক্রসে হেড করে সমতা ফেরান আলেসান্দ্রো বাস্তোনি। এর মিনিট পাঁচেক পরেই নিকোলো বারেল্লার গোলে থেমে যায় আলবেনিয়ান সমর্থকদের উচ্ছ্বাস। প্রথমার্ধে আরও কয়েকটা গোল পেতে পারতো ইতালি। কিন্তু আলবেনিয়ার গোলরক্ষক বাধা হয়ে দাঁড়ানোয় ব্যবধান আর বাড়েনি। বিরতির পর কিছুটা কমে যায় ইতালির আক্রমণের ধার। গোল করার খুব ভালো সুযোগও তৈরি করতে পারেনি তারা। তবে আলবেনিয়া ওই পাশ থেকে কখনো বিপদজনক হয়ে উঠতে পারিনি বলে ইতালির ভয় ছিল না খুব একটা। ম্যাচের একেবারে শেষ দিকে এসে আলবেনিয়ার একটি শট ইতালির গোলরক্ষক জিয়ানলুইজি দোন্নারুম্মার গায়ে লেগে চলে যায় বাইরে। জয়ের আনন্দ নিয়েই মাঠ ছাড়ে ইতালিয়ানরা।

# স্কটল্যান্ডকে বিদায় করে ইংল্যান্ডকে সুপার এইটে তুলল অস্ট্রেলিয়া



**আপনজন ডেস্ক:** গ্রস আইলেটের এ ম্যাচে প্রতিপক্ষ ছিল অস্ট্রেলিয়া ও স্কটল্যান্ড। কিন্তু স্কটিশদের অদৃশ্য প্রতিপক্ষ ছিল ইংলিশরাও। অস্ট্রেলিয়ার সুপার এইট নিশ্চিত হয়েছে আগেই। পরের পর্বের আগে জয়ের ছন্দ ধরে রাখার ব্যাপার তো ছিলই, অস্ট্রেলিয়ার সামনে ছিল ১৯৮৩ সালের পর আইসিসির সহযোগী কোনো সদস্যের বিপক্ষে না হারার 'গর্ব' ধরে রাখার ব্যাপারও। অন্যদিকে অ্যান্টিগায় বৃষ্টিবিঘ্নিত ম্যাচে নামিবিয়াকে হারিয়ে অস্ট্রেলিয়ার জয়ের অপেক্ষায় ছিল ইংল্যান্ড। শেষ পর্যন্ত চিরপ্রতিদ্বন্দ্বীদের জয়ে সওয়ার হয়েই সুপার এইটে গেল বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ড। তাতে হৃদয় ভেঙেছে স্কটল্যান্ডের, এ ম্যাচেও অস্ট্রেলিয়াকে যারা চ্যালেঞ্জ জানিয়েছে ম্যাচের অনেকটা সময়। জর্জ মানসির ২৩ বলে ৩৫ রানের সঙ্গে ব্র্যান্ডন ম্যাকমুলেনের ৩৪ বলে ৬০ ও অধিনায়ক রিচি বেরিংটনের ৩১ বলে ৪২ রানের অপরাজিত ইনিংসে স্কটল্যান্ড তোলে ২০ ওভারে ১৮০ রান। রান তাড়ায় শুরুতে তেমন গতি না পেলেও ট্রাভিস হেডের ৪৯ বলে ৬৮, মার্কাস স্টয়নিসের ২৯ বলে ৫৯ রানের ইনিংসে ভর করে ২ বল ও ৫ উইকেট বাকি থাকতেই জয় পায় অস্ট্রেলিয়া।
অস্ট্রেলিয়ার জয়ে নেট রান রেটে স্কটল্যান্ডের চেয়ে এগিয়ে থাকায় সপ্তম দল হিসেবে সুপার এইট নিশ্চিত হলো ইংল্যান্ডের।
আগামীকাল ভোরে নেপালকে হারালে অষ্টম দল হবে বাংলাদেশ।
রান তাড়ায় দ্বিতীয় ওভারে ডেভিড ওয়ার্নারের পর পাওয়ারপ্লের মধ্যে মিচেল মার্শকেও হারায় অস্ট্রেলিয়া। সেন্ট লুসিয়ায় কন্ডিশন ব্যাটিংয়ের জন্য বেশ সহায়ক থাকলেও স্কটিশদের আঁটসাঁট বোলিংয়ে খোলসবন্দী ছিল ২০২১ সালের চ্যাম্পিয়নরা। ১৩ ওভার শেষেও তাদের স্কোর ছিল ৩ উইকেটে ৯৩ রান, সে সময়ে স্কটল্যান্ড তুলেছিল ১২১ রান। কার্যত ১৪তম ওভারে ১৮ রান ওঠার পরই ম্যাচ কার্যত ঝুঁকে পড়ে অস্ট্রেলিয়ার দিকে। মাইকেল লিস্কের শেষ তিন বলে স্টয়নিস মারেন দুই ছক্কা ও এক চার। এরপরও শেষ ৫ ওভারে অস্ট্রেলিয়ার দরকার ছিল ৬০ রান। তবে বিশ্বকাপে রান তাড়ায় ম্যাচের এ সময়ে দ্বিতীয় সর্বোচ্চ স্ট্রাইক রেট অস্ট্রেলিয়ার (১৬০.২)। শায়ান শরিফের করা ১৬তম ওভারের প্রথম তিন বলে তিন ছক্কায় হেড অস্ট্রেলিয়াকে এগিয়ে দেন। ওই ওভারের চতুর্থ বলে হেড, পরের ওভারে টানা দুই চারের পর স্টয়নিসও ফেরেন। তবে টিম ডেভিডের ১৪ বলে ২৪ রানের অপরাজিত ক্যামিওতে জয় নিশ্চিত হয় অস্ট্রেলিয়ার। শেষ ৪ বলে ৪ রান দরকার যখন, ডেভিডের ক্যাচ মিডউইকেটে ফেলেন ক্রিস সোল। স্কটল্যান্ডের শেষ সুযোগ ছিল সেটিই।
এর আগে টসে হেরে ব্যাটিং করতে নেমে প্রথম ওভারে অ্যাশটন অ্যাগারের বলে বোল্ড হন ইংল্যান্ডের বিপক্ষে ৪৫ রানে অপরাজিত থাকা মাইকেল জোনস। তবে দ্বিতীয় উইকেটে মানসি ও ম্যাকমুলেনের ৪৮ বলে ৮৯ রানের জুটিতে শক্ত ভিত পায় স্কটল্যান্ড। নবম ওভারে মানসির পর ১২তম ওভারে থামেন ম্যাকমুলেন। ফিল্ডিংয়ে মোটেও সুবিধার দিন ছিল না অস্ট্রেলিয়ার, সহজ-কঠিন মিলিয়ে ৫টি ক্যাচ ফেলে তারা। এরপরও শেষ ৫ ওভারে ৪২ রানের বেশি তুলতে পারেনি স্কটল্যান্ড। ব্যাটিংয়ের মতো বোলিংয়েও ইনিংসের পরের ভাগেই অস্ট্রেলিয়ার কাছে মূলত পেরে ওঠেনি দলটি।

**সংক্ষিপ্ত স্কোর:**
স্কটল্যান্ড: ২০ ওভারে ১৮০/৫ (ম্যাকমুলেন ৬০, বেরিংটন ৪২, মানসি ৩৫, ক্রস ১৮; ম্যাক্সওয়েল ২/৪৪, জাম্পা ১/৩০, এলিস ১/৩৪, অ্যাগার ১/৩৯)
অস্ট্রেলিয়া: ১৯.৪ ওভারে ১৮৬/৫ (হেড ৬৮, স্টয়নিস ৫৯, ডেভিড ২৪*; ওয়াট ২/৩৪, শরিফ ২/৪২, হুইল ১/২৮)
ফল: অস্ট্রেলিয়া ৫ উইকেটে জয়ী
ম্যান অব দ্য ম্যাচ: মার্কাস স্টয়নিস (অস্ট্রেলিয়া)

# ২০২৪ বিশ্বকাপের দল পরিচিতি

## নেদারল্যান্ডস: নিজেদের ছাড়িয়ে যাওয়ার স্বপ্ন



**আপনজন ডেস্ক:** নেদারল্যান্ডসে ক্রিকেট খেলা হয় উনিশ শতক থেকে। সেই শতকে ষাটের দশকে ক্রিকেট জনপ্রিয়তা পেয়ে অন্যতম বড় খেলাও হয়ে ওঠে। সেখান থেকে ডাচ ক্রিকেট কোন পথে গেছে, সেসব খুঁজবেন ঐতিহাসিকেরা। একজন সাধারণ সমর্থকমাত্রই প্রশ্ন তুলতে পারেন, এত বছর ধরে খেলেও কেন বিশ্বকাপের নকআউটে উঠতে পারেনি নেদারল্যান্ডস?
ডাচদের পক্ষে ব্যাট ধরতে পারে গ্রুপসঙ্গী দক্ষিণ আফ্রিকা। সর্বশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপে অ্যাডিলেড-বিপর্যয় তাদের মনে আছে। প্রোটিয়া ক্রিকেটে 'আনলাকি থার্টিন'ও (ডাচদের কাছে ১৩ রানের হার) বলে কেউ কেউ। ওই হারে দক্ষিণ আফ্রিকা বাদ পড়েছিল; কিংবা টানা যায় আরও টাটকা স্মৃতি। গত অক্টোবরে ওয়ানডে বিশ্বকাপে ধর্মশালা থেকে 'হিমালয়' জয়! ডাচদের কাছে আবারও হেরেছিল দক্ষিণ আফ্রিকা। এর আগে ২০০৯ টি-টোয়েন্টি বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচেই স্বাগতিক ইংল্যান্ডকে হারিয়ে রীতিমতো হইচই ফেলে দিয়েছিল। একবার জয় 'ফ্লুক' হতে পারে, কিন্তু বিশ্বকাপের মতো টুর্নামেন্টে এমন তিনটি জয় 'ডি' গ্রুপের বাকি দলগুলোর মনে না রাখার কথা নয়।
পাঁচবার ওয়ানডে বিশ্বকাপ খেলে ডাচরা কখনো গ্রুপ পর্ব পেরোতে পারেনি। টি-টোয়েন্টি বিশ্বকাপে পাঁচবার খেলে বলার মতো সাফল্য বড় দলের বিপক্ষে ওই তিন জয়ই। শুধু একটা অঘটন ঘটানোতেই সীমাবদ্ধ না থেকে আরও বড় স্বপ্ন পূরণে নিজেদের ছাড়িয়ে যেতে হবে। স্কট এডওয়ার্ডসের দল কি তা পারবে? তবে এটা তো নিশ্চিতই বলা যায়, গ্রুপসঙ্গী হিসেবে নেদারল্যান্ডসকে পেয়ে দক্ষিণ আফ্রিকার খুশি হওয়ার কথা নয়।

**স্কোয়াড**
**স্কট এডওয়ার্ডস**
অধিনায়ক, উইকেটকিপার-ব্যাটসম্যান
**ওয়েসলি বারেসি**
ব্যাটসম্যান
**ম্যাক্স ও'ডাউড**
ব্যাটসম্যান
**আরিয়ান দত্ত**
অফ স্পিনার
**বাস ডি লিডি**
অলরাউন্ডার
**লোগান ফন বিক**
পেসার
**মাইকেল লেভিট**
ব্যাটসম্যান
**পল ফন মিকেরেন**
পেসার
**সিব্রান্ড এঙ্গেলব্রেখট**
অলরাউন্ডার
**তেয়া নিদামানুরু**
অলরাউন্ডার
**টিম প্রিঙ্গল**
অলরাউন্ডার
**বিক্রম সিং**
ব্যাটসম্যান
**ভিভ কিংমা**
পেসার
**কাইল ক্লাইন**
পেসার
**সাকিব জুলফিকার**
বোলিং অলরাউন্ডার

# এক দিবসীয় ক্যারাটে প্রশিক্ষণ শিবির



**নিজস্ব প্রতিনিধি ● মেমারি**
**আপনজন ডেস্ক:** মেমারি থানার সেকেন্ড অফিসার বিশ্বনাথ দাস এর উদ্যোগে শিকো কাই ক্যারাটে এসোসিয়েশন পূর্ব বর্ধমানের উদ্যোগে মেমারি অভিষেক অনুষ্ঠান হলে এই এক দিবসীয় ক্যারাটে প্রশিক্ষণ শিবির করা হয়। উপস্থিত ছিলেন মেমারি থানার সেকেন্ড অফিসার বিশ্বনাথ দাস, শিকো কাই ক্যারাটে এসোসিয়েশনের চেয়ারম্যান মানিক মালিক, সহকারী চেয়ারম্যান বশিরুজ্জামান কয়াল, প্রেসিডেন্ট সমীর মালিক, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অভিজিৎ সিং, সেক্রেটারি আদিত্য মাল, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারিবৃন্দ। চিফ গেস্ট ছিলেন সিহান মনোরঞ্জন দাস, অক্ষয় সেন, গনেশ রাম গৌর, সাংবাদিক সেখ সামসুদ্দিন প্রমুখ। এদিন ছাত্রছাত্রীদের সামনে কাতা ও কুমিত বিষয়ক সেমিনার করা হয়।

# বিশ্বকাপে প্রথম রিটায়ার্ড আউট



**আপনজন ডেস্ক:** অ্যান্টিগায় গতকাল বৃষ্টিবিঘ্নিত ম্যাচে ১০ ওভারে জয়ের জন্য ১২৬ রানের লক্ষ্য পেয়েছিল নামিবিয়া। তাড়া করতে নেমে ৫.৫ ওভারেই হার চোখ রাঙাচ্ছিল আফ্রিকার দলটিকে। স্কোরবোর্ডে রান তখন ১ উইকেটে ৪৩। জয়ের জন্য তখনো সামনে ২৫ বলে ৮৩ রানের খুব কঠিন দূরত্ব। এ অবস্থায় নামিবিয়া ওপেনার নিকোলাস ডেভিন রিটায়ার্ড আউট হয়ে ড্রেসিংরুমে ফিরে যান। বড় লক্ষ্যে ১ ছক্কা ও ১ চারে ১৬ বলে ১৮ রানে ব্যাট করছিলেন ডেভিন। টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসে প্রথম ব্যাটসম্যান হিসেবে রিটায়ার্ড আউট হলেন ডেভিন। তাঁর জায়গায় ব্যাট করতে নামেন আন্তর্জাতিক ক্রিকেটে শেষ ম্যাচ খেলতে নামা ডেভিড ভিসা। পরিস্থিতির দাবি মিটিয়ে ২ ছক্কা ও ২ চারে ১২ বলে ভিসা ২৭ রান করলেও শেষ পর্যন্ত ডিএলএস নিয়মে ৪১ রানে জেতে ইংল্যান্ড। তবে ভিসা নিজে ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে বলেছেন, ডেভিনের রিটায়ার্ড আউট হয়ে ফেরায় তিনি অবাকই হয়েছেন, 'আমিও বিস্মিত হয়েছি। এটা প্রত্যাশায় ছিল না। আর তিন-চার ওভার বাকি ছিল আর প্রথা অনুযায়ী টি-টোয়েন্টি ম্যাচে ইমপ্যাক্ট রাখার সময়ও তখনই।'
দুনিয়াজুড়ে ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট খেলে বেড়ানো ভিসার কাছে জানতে চাওয়া হয়েছিল, টি-টোয়েন্টি এর আগে কখনো রিটায়ার্ড আউট দেখেছে কি না? ভিসার উত্তর, 'না, এই প্রথমবারের মতো আমি এটার সঙ্গে সম্পৃক্ত হলাম। আমার মনে হয়, এমন ঘটনা বেশি হয়নি।' ভিসা জানতেন, তিনে তিনি ব্যাট করতে নামবেন। কিন্তু ওভাবে আউটের পর যে নামতে হবে, সেটি স্বাভাবিকভাবেই তাঁর মাথায় ছিল না, 'জানতাম এরপর আমি নামব। কিন্তু বুঝতে পারিনি, ওভাবে উইকেট পড়বে। নামার জন্য প্রস্তুত থাকলেও কিছুক্ষণের জন্য বুঝতে পারিনি কী ঘটছে। তবে বার্তা পাওয়ার পর নামার জন্য প্রস্তুত ছিলাম।' ক্রিকেটের আইনপ্রণেতা সংস্থা মেরিলিবোন ক্রিকেট ক্লাবের (এমসিসি) ২৫.৪.৩ ধারায় এই আউট সম্বন্ধে বলা আছে, '২৫.৪.২ ধারা (অসুস্থতা, চোট কিংবা অন্য কোনো অনিবার্য কারণ) ব্যতীত কোনো ব্যাটসম্যান যদি অন্য কোনো কারণে অবসর নেন, তাহলে শুধু প্রতিপক্ষ অধিনায়কের অনুমতি সাপেক্ষেই সেই ব্যাটসম্যান পুনরায় ইনিংস শুরু করতে পারবেন। যদি তিনি ইনিংস পুনরায় শুরু না করেন, তবে সেটি রিটায়ার্ড আউট হিসেবে নথিবদ্ধ হবে।' আন্তর্জাতিক ক্রিকেটে রিটায়ার্ড আউটের ঘটনা খুব বেশি নেই। ছেলেদের আন্তর্জাতিক ক্রিকেটে ষষ্ঠ ও আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে চতুর্থ ব্যাটসম্যান হিসেবে রিটায়ার্ড আউট হলেন ডেভিন। ছেলেদের আন্তর্জাতিক ক্রিকেটে প্রথমবারের মতো এই আউটের সঙ্গে জড়িয়ে আছে বাংলাদেশের নাম। ২০০১ সালে কলম্বো টেস্টে শ্রীলঙ্কার মারভান আতাপাত্তু ২০১ রান ও মাহেলা জয়াবর্ধনে ১৫০ করে রিটায়ার্ড আউট হন। পরবর্তী ১৮ বছরের মধ্যে ছেলেদের আন্তর্জাতিক ক্রিকেটে এমন আউট আর দেখা যায়নি। ২০১৯ সালে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে প্রথম ব্যাটসম্যান হিসেবে ভুটানের সোনম টোবগে মালদ্বীপের বিপক্ষে ম্যাচে রিটায়ার্ড আউট হন। এরপর ফ্রান্সের হেভিড জ্যাকসন ও গাম্বিয়ার মুস্তফা সুয়ারেহ এভাবে আউট হন।

# বিশ্বকাপে আফগানিস্তানের পরামর্শক হতে কত টাকা নিয়েছিলেন জাদেজা?



**আপনজন ডেস্ক:** টি-টোয়েন্টি বিশ্বকাপে রীতিমতো উড়ছে আফগানিস্তান। টানা ৩ জয়ে সুপার এইট পর্ব নিশ্চিত করে ফেলেছে তারা। দলটির তিনটি জয়ই ছিল একদম একপেশে।
তবে বিশ্বমঞ্চে রশিদ-নবীদের চমক দেখানোর শুরুটা হয়েছে আরও আগে, গত বছর অক্টোবর-নভেম্বরে ভারতে অনুষ্ঠিত ওয়ানডে বিশ্বকাপ দিয়ে। আফগানরা একে একে হারিয়ে দেয় ইংল্যান্ড, পাকিস্তান, শ্রীলঙ্কার মতো পরাশক্তিদের, উড়িয়ে দেয় নেদারল্যান্ডসকেও। গ্লেন ম্যাক্সওয়েল অতিমানবীয় ইনিংসটা না খেললে সেমিফাইনালেও উঠে যেতে পারত। আফগানিস্তানের এমন বদলে যাওয়ার পেছনে মূল কারিগর ভাবা হয় প্রধান কোচ জোনাথন ট্রটকে। তবে ওয়ানডে বিশ্বকাপে দলের সঙ্গে আরও একজন ছিলেন, যিনি আফগানদের ড্রেসিংরুমের পরিবেশ বদলে দিয়েছিলেন, দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলেছিলেন। তিনি ভারতের সাবেক অধিনায়ক অজয় জাদেজা। ওয়ানডে বিশ্বকাপ শুরুর আগমুহূর্তে তাঁকে পরামর্শকের দায়িত্ব দিয়েছিল আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি)। ভারতের মাটিতে ওয়ানডে বিশ্বকাপ হয়েছিল বলেই জাদেজার অভিজ্ঞতাকে কাজে লাগিয়েছিল আফগানিস্তান।




# 'ক্রাইসিস ম্যান' ভেঘোর্স্টের গোলে লেভাহীন পোল্যান্ডকে হারাল নেদারল্যান্ডস



**আপনজন ডেস্ক:** নেদারল্যান্ডস ২ : ১ পোল্যান্ড
জাতীয় দলের হয়ে বেশিরভাগ ম্যাচে তাঁকে নামানো হয় বদলি হিসেবে। গোলগুলোও করেন এমন মুহূর্তে, যা অনেক ক্ষেত্রেই ম্যাচের ব্যবধান গড়ে দেয়। নেদারল্যান্ডস সমর্থকদের কাছে ভাউট ভেঘোর্স্ট তাই 'ক্রাইসিস ম্যান' বা সংকটকালের সৈনিক হয়ে উঠেছেন। পোল্যান্ডের বিপক্ষে আজও বদলি নেমেছেন ভেঘোর্স্ট। ৮১ মিনিটে নেমে ৮৩ মিনিটেই গোল! তাঁর এই গোলটা ম্যাচের ভাগ্যও গড়ে দিয়েছে। হামবুর্গের ফোক্সপার্কস্টাডিয়নে পোল্যান্ডের বিপক্ষে পিছিয়ে পড়েও ২-১ গোলের জয়ে ইউরো অভিযান শুরু করেছে নেদারল্যান্ডস। এই ভেঘোর্স্টই কাতার বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে আর্জেন্টিনার বিপক্ষে জোড়া গোল করে মেসি-দি মারিয়াদের ক্ষণিকের জন্য ভড়কে দিয়েছিলেন। গত সোমবার তুরস্কর বিপক্ষে প্রীতি ম্যাচে ঊরুতে চোট পেয়েছিলেন পোল্যান্ড অধিনায়ক ও দলটির সর্বোচ্চ গোলদাতা রবার্ট লেভানডফস্কি। চোট থেকে পুরোপুরি সেরে না ওঠায় নেদারল্যান্ডসের বিপক্ষে আজ খেলতে পারেননি লেভা। তাঁর অভাব হাড়ে হাড়েই টের পেয়েছে পোলিশরা। ফিফা র‍্যাঙ্কিংয়ে পোল্যান্ডের চেয়ে ২১ ধাপ এগিয়ে থাকা নেদারল্যান্ডস শক্তিমত্তা-সামর্থ্যেও অনেক এগিয়ে ছিল। ম্যাচের শুরুতেই বেশ কয়েকটি গোছাল আক্রমণ করে সেটির ছাপও রাখে ডাচরা। কিন্তু ম্যাচের ১৫ মিনিটে অনেকটা খেলার ধারার বিপরীতে গোল পেয়ে যায় পোল্যান্ড। কর্নার থেকে পিওতর জিয়েলিনস্কির নেওয়া শটে দারুণ হেডে বল জালে জড়ান অ্যাডাম বুকসা। এই গোলেও মিশে আছেন লেভানডফস্কি। কীভাবে? লেভার অনুপস্থিতিতে পোল্যান্ডকে নেতৃত্ব দিয়েছেন জিয়েলিনস্কি আর লেভার জায়গায় একাদশে সুযোগ পেয়েছেন বুকসা। আজ পোল্যান্ডকে শুধু নেতৃত্ব দেওয়াই নয়, পুরো মাঠ দাপিয়ে বেড়িয়েছেন জিয়েলিনস্কি। নাপোলির এই মিডফিল্ডার ওপরে উঠে গিয়ে গোলের সুযোগ যেমন সৃষ্টি করেছেন, তেমনি নিচে নেমে এসে রক্ষণও সামলেছেন। কিন্তু শেষ পর্যন্ত দলকে হার থেকে রক্ষা করতে পারেননি। পিছিয়ে পড়ার পর নেদারল্যান্ডস যে গোলের জন্য হন্যে হয়ে উঠবে, তা অনুমিতই ছিল। সমতা ফেরাতে খুব বেশি সময়ও নেয়নি ডাচরা। ২৯ মিনিটে ডাচদের ম্যাচে ফেরান লিভারপুল তারকা কোডি গাকপো। ম্যানচেস্টার সিটির লেফট ব্যাক নাথান আকের পাস থেকে বক্সে বল পেয়েই শট নেন গাকপো। তাঁর শট পোল্যান্ডের ডিফেন্ডার বারতোশ সালামোনের গায়ে লেগে দিক পাল্টে জালে আশ্রয় নেয়।

# ফুটবল কোচিং সেন্টারের উদ্যোগে প্রস্তুতি ম্যাচ



**সেখ সামসুদ্দিন ● মেমারি**
**আপনজন ডেস্ক:** ফুটবল কোচিং সেন্টারের ছাত্রদের নিয়ে বড় টুর্নামেন্ট খেলার আগে প্রস্তুতি ম্যাচ করা হয়। এই উপলক্ষে দক্ষিণ মেমারি খাঁড়ো যুবক সংঘের ফুটবল মাঠে মেমারি ফুটবল একাডেমি ও উত্তর ২৪ পরগণার নৈহাটি ফুটবল একাডেমির উদ্যোগে একটি প্রীতি ফুটবল ম্যাচ আয়োজিত হয়। খেলার পরিচালক ছিলেন মেমারি ফুটবল একাডেমীর কোচ প্রশান্ত চ্যাটার্জী। মাঠে উপস্থিত ছিলেন স্কুল ইন্ডিয়া ও প্রাক্তন ইস্টবেঙ্গল খেলোয়াড় প্রমথ ভট্টাচার্য্য দক্ষিণ মেমারি খাঁড়ো যুবক সংঘের অন্যতম সংগঠক সেখ সবুরউদ্দিন ওরফে বাপি এদিনের খেলায় মেমারি ফুটবল একাডেমি ২-১ গোলে জয়ী হয়। মেমারি ফুটবল একাডেমির বাপি কোঁড়া ও রঞ্জিত মুর্মু একটি করে গোল করেন। অপরদিকে নৈহাটির পক্ষে শ্যামল কোঁড়া একটি গোল দিয়ে ব্যবধান কমান। আজকের প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় নির্বাচিত হন মেমারি ফুটবল একাডেমির অভিজ্ঞ খেলোয়াড়□বাপি কোঁড়া।




মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**